পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
বুকিংয়ের জন্য যোগাযোগ
অনিকেতঃ ৮৩৩৪৮২৬৯৭৫
শান্তনুঃ ৯৮৭৫৬৫৮২৩৮

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 31, Issue No.: 258 Wednesday, 19 August, 2026 ✱ ৩১ বর্ষ, ২৫৮ সংখ্যা ✱ ১ ভাদ্র ১৪৩৩, বুধবার, ১৯ আগস্ট ২০২৬ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

‘টুকরে টুকরে গ্যাংয়ের বিরুদ্ধে সোচ্চার হোন’

‘অন্নপূর্ণাদের’ মাতঙ্গিনী-প্রীতিলতার পথ অনুসরণ করতে বললেন মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ আগস্টঃ দেশ মাতৃকা ও জাতীয় সংস্কৃতি রক্ষায় মা-বোনেদের বীরাঙ্গনার ভূমিকায় অবতীর্ণ হয়ে ‘টুকরে টুকরে গ্যাং’-এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার ‘অন্নপূর্ণা যোজনা’ ও একাধিক নারীকল্যাণমুখী প্রকল্পের বিস্তারিত রূপরেখা তুলে ধরে তিনি বলেন, যে অপশক্তি বা ‘টুকরে টুকরে গ্যাং’ দেশের অভ্যন্তরে থেকে স্বদেশপ্রেম ও জাতীয়তাবাদে আঘাত হানতে চায়, তাদের বিরুদ্ধে মাতঙ্গিনী হাজরা, রানি রাসমণি, রানি শিরোমণি, বীণা দাস কিংবা প্রীতিলতা ওয়াদ্দেদারের মতো নারীদেরই অগ্রণী ভূমিকা নিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, উত্তর কলকাতার ৬০টি ওয়ার্ডে অন্নপূর্ণা যোজনার উপভোক্তা ও মা-বোনেদের নিয়ে ‘অন্নপূর্ণা যোজনা বাহিনী’ বা একটি সামাজিক গোষ্ঠী গড়ে তোলার নির্দেশ দেওয়া হয়েছে, যা নারী অধিকার রক্ষা ও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হবে। একই সঙ্গে, স্কিমে স্বচ্ছতা বজায় রাখতে আগামী ২০ আগস্ট থেকে একটি বিশেষ ওয়েব পোর্টাল চালু করা হচ্ছে। কোনও উপযুক্ত মহিলা অর্থ না পেলে কিংবা কোনও অনুপযুক্ত মহিলা অর্থ পেয়ে থাকলে সেখানে সরাসরি আপত্তি ও আবেদন জানানো যাবে। স্বচ্ছতা বজায় রাখতে বিত্তশালী মহিলাদের এই সুবিধা ত্যাগ করে অন্য দুস্থ বোনেদের সুযোগ করে দেওয়ার অনুরোধ জানান মুখ্যমন্ত্রী। আগের সরকারের সমালোচনা করে মুখ্যমন্ত্রী জানান, ২০২১ থেকে ২০২৪ পর্যন্ত ৫০০ টাকা, লোকসভা ভোটের আগে ১,০০০ টাকা এবং ভোটের ঠিক দু মাস আগে ১,৫০০ টাকা দেওয়া হয়েছিল। সেই তালিকায় পুরুষ, অ-ভারতীয় (এসআইআর-এ নাম কাটা যাওয়া) এবং মৃত ব্যক্তিদের নামও অন্তর্ভুক্ত ছিল। নতুন বিজেপি সরকার রাজকোষের শৃঙ্খলা মেনে সরলীকৃত ফর্মে আবেদন গ্রহণ করেছে এবং প্রকৃত যোগ্যদের হাতেই সরকারি সহায়তার অর্থ তুলে দেওয়ার ব্যবস্থা নিশ্চিত করেছে।

উত্তর কলকাতার সভার পর দক্ষিণ কলকাতা জেলা মহিলা মোর্চার আয়োজনে ধনধান্য স্টেডিয়ামের কর্মসূচিতে যোগ দেওয়ার কথা জানিয়ে মুখ্যমন্ত্রী নারী ক্ষমতায়নে সরকারের একাধিক প্রতিশ্রুতির কথা তুলে ধরেন। তিনি বলেন, বারুইপুরের মর্মান্তিক ঘটনা ও আরজি করের ‘আরজি কর’ কাণ্ডে নতুন করে তদন্ত ও দোষীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ‘কন্যারত্ন দিবসে’ ছাত্রীদের বার্ষিক ১,০০০ টাকার অনুদান আগামী বছর থেকে বাড়িয়ে ২,০০০ টাকা করার ঘোষণা করা হয়েছে। এছাড়া কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পাঠরত ছাত্রীদের এককালীন ৫০,০০০ টাকার আর্থিক সহায়তার প্রতিশ্রুতি বাস্তবায়িত করা হচ্ছে। শুভেন্দু বলেন, আইসিডিএস ও আশা কর্মীদের বেতন এক ধাক্কায় ৫,০০০ টাকা বাড়ানো হয়েছে। পাশাপাশি কেন্দ্রে গর্ভবতী মায়েদের দৈনিক খাদ্য বরাদ্দ ১২ টাকা থেকে বাড়িয়ে ১৪ টাকা করা হয়েছে। নারী নিরাপত্তায় বিশেষ ‘দুর্গা স্কোয়াড’ গঠনের পাশাপাশি পুলিশের দুটি নতুন মহিলা ব্যাটালিয়ন তৈরি করা হচ্ছে। রাজ্যের ৬৫০টিরও বেশি থানায় চালু করা হয়েছে ‘মহিলা হেল্প ডেস্ক’। এছাড়াও আগামী মহালয়ার দিন থেকে চালু হচ্ছে সমন্বিত জরুরি নম্বর ‘১১২’। উত্তরপ্রদেশ বা গুজরাতের মতো ৬ মিনিটে পুলিশি রেসপন্স সুনিশ্চিত করতে প্রতিটি থানায় নতুন গাড়ি দেওয়া হচ্ছে, যাতে কোনও বিপদে মহিলারা দ্রুত প্রশাসনিক সহায়তা পান।

ফের ৩ দিনের জন্য উত্তরবঙ্গ সফরে আসছেন অমিত শাহ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ আগস্টঃ চলতি মাসেই তিন দিনের উত্তরবঙ্গ সফরে আসতে চলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আগামী ২০ থেকে ২২ আগস্ট পর্যন্ত এই সফরসূচি ঘিরে ইতিমধ্যেই জোর তৎপরতা শুরু হয়েছে রাজ্য ও কেন্দ্রীয় প্রশাসনিক মহলে। নবান্ন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গিয়েছে, এই সফরে সীমান্ত সুরক্ষাকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। সীমান্ত এলাকার নিরাপত্তা সুসংহত করা এবং অবৈধ নগদ টাকা লেনদেন ও চোরাচালান রুখতে সীমান্তবর্তী জেলাগুলির জেলাশাসক ও পুলিশ প্রধানদের নিয়ে পর্যালোচনা বৈঠকে বসবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। এছাড়াও, কেন্দ্রীয় সরকারের রূপায়িত ‘ভাইব্রেন্ট ভিলেজ’ কর্মসূচির পর্যালোচনার পাশাপাশি একটি বিশেষ

প্রদর্শনশালারও উদ্বোধন করার কথা রয়েছে তাঁর। সফরের অন্যতম মূল বিষয় নয়া ফৌজদারী আইন প্রয়োগ সংক্রান্ত প্রশাসনিক আলোচনা। এছাড়া, উত্তরবঙ্গের সার্বিক উন্নয়নমূলক একাধিক কেন্দ্রীয় প্রকল্পের পর্যালোচনা ও শিলান্যাসের প্রস্তুতিও চলছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর এই হাই-প্রোফাইল সফরকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে রাজ্য ও কেন্দ্রীয় সংস্থার শীর্ষ আধিকারিকদের সমন্বয়ে প্রস্তুতি নিচ্ছে নবান্ন। গত ১৯ জুলাই কলকাতায় এসেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি কলকাতার জাতীয় গ্রন্থাগার (ন্যাশনাল লাইব্রেরি) চত্বরে ভারতের প্রথম ইমার্সিভ ভাষা জাদুঘর ‘শব্দলোক’ বা ‘মিউজিয়াম অব ওয়ার্ড’-এর উদ্বোধন করতে এসেছিলেন। জুলাই মাসেই তিনি শিলিগুড়ি ও ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকা পরিদর্শনে এসেছিলেন। কয়েকদিনের ব্যবধানে আবারও বাংলায় আসছেন তিনি।

জোড়াবাগানের পর পোস্তা! ফের ভেঙে পড়ল জরাজীর্ণ বাড়ি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ আগস্টঃ আবারও কলকাতায় বাড়ি ভেঙে পড়ল। জোড়াবাগানের পর বড়বাজারের পোস্তা এলাকায়। ভরা বর্ষায় ভেঙে পড়ে জরাজীর্ণ বাড়ির ওপরের অংশ। জানা যাচ্ছে, ভিতরে আটকে পড়েছিলেন ৭ জন। তাঁদের প্রত্যেককে বাইরে বার করে আনা সম্ভব হয়েছে। স্থানীয় বাসিন্দারা জানাচ্ছেন, এই বাড়িটিও প্রায় দুশো বছরের পুরনো। জানা যাচ্ছে, শরিকি বিবাদের জেরেই সেই অর্থে এই পুরনো বাড়ির কোনও সংস্কার এতদিন হয়নি। বাড়ির ছাদ থেকে দেওয়াল-সর্বত্র ধরেছিল ফাটল। আর সেই ফাটলের মধ্যে থেকে গজিয়ে

উঠেছিল আগাছা- বড় গাছ। তার মধ্যেই পরিবারের একাংশ বসবাস করছিলেন। বেশ কিছু দিন ধরেই ওই বাড়ির পলেস্তরা, রাবিশ খসে পড়ছিল। তারপরও সংস্কার করা হচ্ছিল না। গত কয়েকদিনের টানা বৃষ্টিতে আরও দুর্বল হয়ে পড়ে বাড়ি। মঙ্গলবার সকালে একেবারে হুড়মুড়িয়ে ছাদ থেকে বাড়ির ওপরের অংশ ভেঙে ভিতরে ঢুকে যায়। এক প্রত্যক্ষদর্শী জানাচ্ছেন, সামনের অংশটা পুরোটাই ভেঙে পড়েছে। ৬-৭ থাকতেন, তবে কেউ আহত হননি। আরেক বাসিন্দা বলেন, ‘‘পুরসভার তরফ থেকেও কোনও নোটিস টাঙানো হয়নি। যাঁরা থাকতেন, তাঁরা টুকটার রিপিয়ারিং করে থাকতেন। টানা বৃষ্টিতেই ভেঙে পড়ল।’’ সকালে জোড়াবাগানেই ২০০ বছরের পুরনো আরেকটি বাড়ি ভেঙে পড়ে। এক মহিলার মৃত্যু হয় তাতে। এইভাবে কলকাতায় পরপর পুরনো বাড়ি ভেঙে পড়ার ঘটনায় প্রশ্নের মুখে পুরসভার ভূমিকা।

২৮ আগস্ট রাজ্যজুড়ে পালন হবে রাখিবন্ধন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ আগস্টঃ রাজ্যজুড়ে আগস্টের শেষলগ্নে উদযাপিত হতে চলেছে রাখিবন্ধন উৎসব। আগামী ২৮ আগস্ট, ২০২৬ রাজ্যজুড়ে এই সামাজিক উৎসব উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। এ বিষয়ে রাজ্য তথ্য ও সংস্কৃতি বিভাগের সচিব ড. সৌমিত্র মোহন একটি নির্দেশিকা জারি করে কলকাতা পুরসভার কমিশনার এবং সব জেলার জেলা শাসকদের বিস্তারিত নির্দেশ পাঠিয়েছেন। নবান্ন সূত্রের খবর, জাতীয় সংহতি, ভাতৃত্ববোধ ও সামাজিক সম্প্রীতি সুদৃ। করতেই এবার তৃণমূল পর্যায় পর্যন্ত রাখিবন্ধন পালনের পরিকল্পনা করা হয়েছে। গ্রাম ও শহর, উভয়

অঞ্চলেই যেন সাধারণ মানুষের ব্যাপক অংশগ্রহণ থাকে, তা সুনিশ্চিত করতে বলা হয়েছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও ব্লক স্তরে এই অনুষ্ঠান হবে। মহকুমা, জেলা সদর ছাড়াও কলকাতা পুরসভার প্রতিটি ওয়ার্ডে এবং রাজ্যের অন্যান্য পুরসভাগুলির অন্তত ৪-৫টি নির্বাচিত ওয়ার্ডে বিশেষ অনুষ্ঠান পালন করা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এবারের রাখিবন্ধন উৎসবের বিশেষ নজরকাড়া বিষয়টি হতে চলেছে ‘তেরঙ্গা রাখি’। জাতীয় পতাকার তিনটি রঙের অনুকরণে তৈরি এই বিশেষ রাখিগুলি দেওয়া হবে। রাজ্য যুব কল্যাণ ও ক্রীড়া দফতরের পক্ষ থেকে দ্রুত জেলাগুলিতে এই রাখি পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। বাংলার নিজস্ব সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরতে এই বিশেষ দিনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করার রূপরেখা দেওয়া হয়েছে। বলা হয়েছে, রবীন্দ্রসংগীত, রবীন্দ্রনৃত্য ও স্থানীয় লোকশিল্পীদের পরিবেশনায় বাউল গান ও লোকসঙ্গীতের আসর বসবে। এছাড়াও স্বনির্ভর গোষ্ঠী, যুব সংগঠন, মহিলা সমিতি এবং স্থানীয় সাংস্কৃতিক সংস্থাগুলোকে সরাসরি এই উদযাপনে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। তথ্য ও সংস্কৃতি বিভাগ এবং যুব কল্যাণ ও

● এরপর ৬ পাতায়...

ফের উত্তপ্ত বিহার

শিক্ষক নিয়োগ পরীক্ষার দাবিতে রাজপথে চাকরিপ্রার্থীরা

সংবাদ সংস্থা, পাটনা, ১৮ আগস্টঃ যন্তর মন্তর, ঝাড়খণ্ডের পর ফের বিহার। শিক্ষক নিয়োগের চতুর্থ পর্যায়ের পরীক্ষা বা টিআই-৪ দ্রুত আয়োজনের দাবিতে অগ্নিগর্ভ পরিস্থিতি। মঙ্গলবার পটনার গর্দানিবাগে বিক্ষোভরত গবেষক ও চাকরিপ্রার্থীরা ২৪ ঘণ্টার মধ্যে ব্যক্তিদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা, বিএসএসসি নিয়োগে স্বচ্ছতা এবং পরীক্ষার কারবারিদের বিরুদ্ধে পদক্ষেপের দাবিও রয়েছে আন্দোলনকারীদের। ছাত্রনেতা দিলীপ কুমারের দাবি, ২৪ ঘণ্টার মধ্যে বিপিএসসি টিআরই-৪-এর বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। তা না

পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশের দাবি তুলেছেন। সেই সময়সীমার মধ্যে বিজ্ঞপ্তি না এলে শিক্ষামন্ত্রীর বাড়ি ঘেরাও করে তাঁর পদত্যাগের দাবি তোলার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। শুধু টিআরই-৪ নয়, সহকারী অধ্যাপক নিয়োগের নতুন নিয়ম, রাজ্য সিভিল সার্ভিস পরীক্ষায় অসঙ্গতি-সহ একাধিক বিষয় নিয়েও চলছে আন্দোলন। বিপিএসসি টিআরই-৪-এ এক ধাপের পরীক্ষা চালু, দুর্নীতির মাধ্যমে চাকরি পাওয়া হলে শিক্ষামন্ত্রীর বাসভবন ঘেরাও করবেন তাঁরা। তিন দিনের মধ্যে দাবি পূরণ না হলে অনশন শুরু করার হুঁশিয়ারিও দেওয়া হয়েছে। ইতিমধ্যেই কুমুদ পটেল নামে এক আন্দোলনকারী ১৫ দিন ধরে অনশনে রয়েছেন। আর এক ছাত্রনেতা কুন্দন সিংয়ের দাবি, আন্দোলনকারীদের একটি প্রতিনিধি দল উচ্চশিক্ষামন্ত্রী সঞ্জয় সিং টাইগার এবং অতিরিক্ত মুখ্যসচিব দীপক

● এরপর ৬ পাতায়...

ঋতব্রত না শোভনদেব

বিরোধী দলনেতা ঠিক করবে সিঙ্গল বেঞ্চ, নির্দেশ হাইকোর্টের

নিজস্ব প্রতিনধি, কলকাতা, ১৮ আগস্টঃ বিধানসভার বিরোধী দলনেতা হিসেবে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের স্বীকৃতি সংক্রান্ত মামলায় বড় রায় দিল কলকাতা হাইকোর্ট। স্পিকারের নেওয়া সিদ্ধান্তে সরাসরি হস্তক্ষেপ না করলেও বিচারপতি শম্পা নির্বাচনে ৮০টি আসনে জয়লাভ করে প্রধান বিরোধী দলের মর্যাদা পেয়েছিল তৃণমূল কংগ্রেস। কিন্তু নির্বাচন পরবর্তী সময়ে দলের অন্দরে অসন্তোষ দানা বাঁধে এবং বিধায়কদের একাংশ শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে ওঠেন। সেই পরিস্থিতিতে দলের চেয়ারপার্সন

সরকারের ডিভিশন বেঞ্চ স্পষ্ট জানিয়ে দিয়েছে, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের এই বিরোধী দলনেতা হিসেবে থাকার সিদ্ধান্তটি সম্পূর্ণ ‘অস্থায়ী’। আগামী দুই মাসের মধ্যে সিঙ্গেল বেঞ্চকে এই মামলার চূড়ান্ত নিষ্পত্তি করার নির্দেশ দিয়েছে আদালত। এর ফলে আগামী দুই মাস পরে ঋতব্রত ওই পদে থাকবেন কি না, তার চূড়ান্ত আইনি ফয়সালা হবে সিঙ্গল বেঞ্চেই। উল্লেখ্য, বিধানসভা মমতা বন্দ্যোপাধ্যায় প্রবীণ নেতা শোভনদেব চট্টোপাধ্যায়কে পরিষদীয় দলনেতা তথা বিরোধী দলনেতা হিসেবে মনোনীত করেন। গত ৯ মে সেই মর্মে বিধানসভার অধ্যক্ষের কাছে চিঠি পাঠানো হলেও, স্পিকার সেই বিষয়ে কোনও পদক্ষেপ করেননি বলে অভিযোগ ওঠে। এর মধ্যেই দলের সিদ্ধান্তের তোয়াক্কা না করে ৫৮ জন বিধায়কের সমর্থন জোগাড় করে বিরোধী দলনেতা

● এরপর ৬ পাতায়...

ফাঁসির বদলে ইঞ্জেকশনে মৃত্যুদণ্ডে ‘না’ সুপ্রিম কোর্টের

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৮ আগস্টঃ ফাঁসির বদলে কম যন্ত্রণাদায়ক পদ্ধতিতে মৃত্যুদণ্ড কার্যকর করার আর্জি খারিজ সুপ্রিম কোর্টের। শীর্ষ আদালত স্পষ্ট জানিয়ে দিয়েছে, মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামির যন্ত্রণা কমানো এবং তাঁর মর্যাদা রক্ষার জন্য মৃত্যুদণ্ডের ক্ষেত্রে কোনও বিকল্প পদ্ধতি চালু করা হবে না। সেক্ষেত্রে, আপাতত ভারতে মৃত্যুদণ্ড কার্যকরের পদ্ধতি হিসেবে ফাঁসিই বহাল থাকল। সম্প্রতি, আইনজীবী ঋষি মালহোত্রা সুপ্রিম কোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করেন। ওই মামলায় মৃত্যুদণ্ড কার্যকর পদ্ধতিতে ফাঁসির পরিবর্তে প্রাণ-ঘাতী ইঞ্জেকশন, গুলি করে মৃত্যুদণ্ড, ইলেকট্রিক চেয়ার-এর মতো কম যন্ত্রণাদায়ক পদ্ধতির প্রস্তাব দেওয়া হয়েছিল। আজ সেই সংক্রান্ত মামলার শুনানি ছিল বিচারপতি বিক্রম নাথ এবং বিচারপতি সন্দীপ মেহতার বেঞ্চে। জনস্বার্থ মামলার আবেদনে দাবি করা হয়েছিল, ফাঁসি অত্যন্ত যন্ত্রণাদায়ক, অমানবিক এবং নিষ্ঠুর। তাই



সিআরপিসি-র ৩৫৪(৫) ধারায় ফাঁসির মাধ্যমে মৃত্যুদণ্ড কার্যকরের বিধানকে অসাংবিধানিক ঘোষণা করা হোক। পাশাপাশি, সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদের অধীনে মর্যাদাপূর্ণ মৃত্যুর অধিকারকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়ার আবেদনও জানানো হয়েছিল। আবেদনে আরও দাবি করা হয়, ফাঁসির পর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করতে প্রায় ৪০ মিনিট সময় লাগতে পারে। অন্যদিকে, গুলি করে বা প্রাণঘাতী ইঞ্জেকশনের মাধ্যমে প্রায় ৫ মিনিটের মধ্যেই প্রক্রিয়াটি সম্পন্ন করা সম্ভব। আইনজীবী মালহোত্রা রাষ্ট্রসংঘের একটি প্রস্তাবেরও উল্লেখ করেন। সেখানে বলা হয়েছে, যেখানে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়, সেখানে যতটা সম্ভব কম যন্ত্রণা দিয়ে তা কার্যকর করা উচিত। আইনজীবীর করা জনস্বার্থ মামলা খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। একইসঙ্গে এই বিষয়ে সুপ্রিম কোর্টের আগের তিনটি রায় বৃহত্তর বেঞ্চে পাঠানোর আবেদনও খারিজ করা হয়েছে। স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, মৃত্যুদণ্ড কার্যকর পদ্ধতি হিসেবে ফাঁসিই বহাল থাকছে। তবে বিকল্পের পদ্ধতির পথ একেবারে বন্ধ করে দেয়নি শীর্ষ আদালত। বিচারপতি বিক্রম নাথ এবং বিচারপতি সন্দীপ

● এরপর ৬ পাতায়...

৭ হাজার ৭০০ কোটি দেওয়া সত্ত্বেও কারা পেল না ডিএ!

তালিকা চাইল সুপ্রিম কোর্ট

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৮ আগস্টঃ সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘভাতা সংক্রান্ত মামলায় মঙ্গলবার সুপ্রিম কোর্টে বড় তথ্য দিল রাজ্য সরকার। শীর্ষ আদালতে রাজ্যের পক্ষে সলিসিটর জেনারেল প্রক্রিয়াও জারি রয়েছে এবং প্রাক্তন বিচারপতি ইন্দু মালহোত্রার নেতৃত্বাধীন মনিটরিং কমিটি পুরো বিষয়টি তদারকি করছে। ইতিমধ্যে যাঁদের ই-সার্ভিস বুক স্ক্যান করে আপলোড হয়েছে, তাঁদের ২০০৮

তুষার মেহতা জানান, বকেয়া ডিএ-র ৬৫ শতাংশ ইতিমধ্যে মিটিয়ে দেওয়া হয়েছে এবং ৭ হাজার ৭০০ কোটির বেশি টাকা ইতিমধ্যে বণ্টন করা হয়েছে। তবে রাজ্যের এই দাবির তীব্র বিরোধিতা করে কর্মীদের একাংশ। আগামী বুধবার ফের এই মামলার শুনানি রয়েছে। মঙ্গলবার সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় কারোল এবং বিচারপতি প্রশান্তকুমার মিশ্রের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি হয়। রাজ্যের পক্ষ থেকে জানানো হয়, বাকি অংশ মেটানোর থেকে ২০১৫ সালের প্রথম কিস্তির ডিএ নির্দিষ্ট সময়ের মধ্যে মিটিয়ে দেওয়ার কথাও উঠে আসে। তবে রাজ্যের এই দাবির বিরুদ্ধে আদালতে প্রশ্ন তোলেন মামলাকারীদের আইনজীবী করুণা নন্দী এবং ফিরদৌস শামিম। তাঁদের স্পষ্ট বক্তব্য, আদালতের নির্দেশ সত্ত্বেও বহু সরকারি কর্মী এখনও এক টাকাও পাননি। শুনানিতে প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্টে টাকা জমা হওয়া সংক্রান্ত একটি নতুন

● এরপর ৬ পাতায়...

পুলিশি হেফাজতে তৃণমূল কর্মীর মৃত্যুতে সিআইডি তদন্তের নির্দেশ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৮ আগস্টঃ হালিশহর পুলিশি হেফাজতে তৃণমূল কর্মী বিরজু কেওটের মৃত্যুর ঘটনায় এ বার সিআইডি-কে তদন্তের দায়িত্ব দিল রাজ্য সরকার। পুলিশি হেফাজতে এই মৃত্যুর নেপথ্যে প্রশাসনিক গাফিলতির কথা আগেই স্বীকার করে নিয়েছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। লকআপের চার দেয়ালের

লকআপের চার দেওয়ালে কী ঘটেছিল, খুঁজবেন গোয়েন্দারা

মধ্যে ঠিক কী ঘটেছিল, তদন্তের মাধ্যমে এ বার তার আসল সত্য উদঘাটন করবেন সিআইডির আধিকারিকেরা। তোলাবাজি এবং মারধরের একাধিক অভিযোগে গত ৬ অগস্ট পুলিশ গ্রেফতার করে বিরজু কেওটকে। এর পর ৮ আগস্ট ভোরে থানার লকআপের ভিতর থেকে তাঁকে অচেতন অবস্থায় উদ্ধার করে তড়িঘড়ি কল্যাণীর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। হেফাজতে মৃত্যুর ঘটনায় ক্ষোভ ছড়িয়ে পড়লে ইতিধ্যেই সংশ্লিষ্ট থানার তদন্তকারী আধিকারিক-কে বরখাস্ত (সাসপেন্ড) করা হয়েছে এবং থানার আইসি-কে করা হয়েছে ‘ক্লোজ’। ঘটনার এক দিন পর, অর্থাৎ ৯ আগস্ট মৃত কর্মীর পরিবারের সঙ্গে দেখা করতে গিয়ে স্থানীয় বাসিন্দাদের তীব্র ক্ষোভের মুখে পড়েছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর গাড়ি লক্ষ্য করে কাদা ও ছেঁড়া চটি ছোড়া হয় এবং ‘চোর-চোর’ স্লোগান ওঠে। পরদিন, ১০ আগস্ট মৃতের বাড়িতে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেখানে পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়ে তিনি বলেন, ‘‘মৃত্যু নিয়ে রাজনীতির সুযোগ কাউকে না দেওয়ায় পরিবারের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। প্রাক্তন মুখ্যমন্ত্রী এসেছিলেন, কিন্তু পরিবারের সদস্যরা তাঁর সঙ্গে দেখাই করেননি। মৃতের দাদা স্পষ্ট জানিয়েছেন যে তাঁরা বিচার চান এবং সরকার ও প্রশাসনের ওপর আস্থা রাখছেন।’’ মুখ্যমন্ত্রী জানান, নিয়ম অনুযায়ী

● এরপর ৬ পাতায়...

‘পুলিশ মৌখিক নির্দেশ দিলে মসজিদ থেকে মাইক খুলবেন না’

স্পষ্ট জানিয়ে দিল হাইকোর্ট

নিজস্ব প্রতিনধি, কলকাতা, ১৮ আগস্টঃ পুলিশের মৌখিক নির্দেশের উপর কোন নির্দেশ নয়। মসজিদে মাইক খোলার মামলা খারিজ করে দিল হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি অতরূপ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ এই মামলার যৌক্তিকতা নিয়েও প্রশ্ন তোলেন। আদালতের পর্যবেক্ষণ, পুলিশের মৌখিক নির্দেশের উপর কোন নির্দেশ নয়। সংবাদপত্রের উপর নির্ভর করে মামলা ও চার হাজার মসজিদের কথা উল্লেখ, তাদের মধ্যে বেশিরভাগই মামলায় যুক্ত হয়নি। এই যুক্তিতেই খারিজ মামলা করল আদালত। ধর্মস্থান থেকে পুলিশের পক্ষ থেকে কোনও আইনি নোটিস ছাড়াই জোর করে লাউডস্পিকার বা মাইক খুলে নেওয়ার অভিযোগ উঠেছিল। এই ঘটনার প্রতিবাদে ও প্রশাসনিক পদক্ষেপকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়। আগের শুনানিতে রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় সওয়াল করেছিলেন, পুলিশ মসজিদের উপর উঠে যাচ্ছে মাইক খুলতে। জুতো পরে পুলিশ যাচ্ছে। ৪০০০ মসজিদ থেকে মাইক খোলা হয়েছে। কোন জেলা থেকে, কোন মসজিদ থেকে মাইক খোলা হল, সেই তথ্য জানতে চান ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী। আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘আদালত স্পষ্ট করে দিয়েছে, যেমন আজান চালাচ্ছিলেন, তেমন আজান চালাবেন। আইন অনুযায়ী, যে ডেসিমেল নির্দিষ্ট করে দেওয়া হয়েছে, সেই অনুযায়ী আজান চলবে। অ্যাডভোকেট জেনারেল আদালতে জানিয়েছেন, এরকম কোনও ওড়াল অর্ডার দেওয়া হয়নি। আদালত বলছে, মৌখিক বললে তো কোনও প্রমাণ হতে পারে না। সবই মৌখিক। তাই এই কেস খারিজ হয়েছে।’’ তবে তিনি বলেন, ‘‘আদালত স্পষ্ট করে দিয়েছে, এবার থেকে কোনও মসজিদে মাইক খোলা হবে না, পুলিশ মৌখিক নির্দেশ দিলে। পুলিশ এসে মসজিদে ঢুকলে পাল্টা মামলা দায়ের করবেন।’’

বাস্তবে ভারতে কোনও বিরোধী দলই নেইঃশমীক ভট্টাচার্য

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৮ আগস্ট ঃ অনিয়মের অভিযোগের কারণে ঝাড়খণ্ড পাবলিক সার্ভিস কমিশন (জেপিএসসি) এবং ঝাড়খণ্ড স্টাফ সিলেকশন কমিশনে (জেএসএসসি) নিয়োগ পরীক্ষা বাতিলের ঘোষণা করেছেন হেমন্ত সোরেন। এ প্রসঙ্গে বিরোধীদের সমালোচনা করেছেন বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। তাঁর অভিযোগ, বাস্তবে ভারতে কোনও বিরোধী দল নেই।মঙ্গলবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শমীক ভট্টাচার্য বলেন, প্রশ্নপত্র ফাঁস ইস্যুতে বিরোধী দল সংসদের পুরো বর্ষাকালীন অধিবেশনটিই নষ্ট করে দিয়েছে। তাঁরা জনগণের সঙ্গে প্রতারণা করেছে। বাস্তবে ভারতে কোনও বিরোধী দলই নেই। কংগ্রেস তাদের নিজেদের ইতিহাস ভুলে গেছে। রাজনীতিতে ঐকমত্যের বিষয় থাকে-তা উত্তর-পূর্বাঞ্চল, কাশ্মীর, বিদেশনীতি কিংবা প্রশ্নপত্র ফাঁসের মতো বিষয়ই হোক না কেন। আমাদের উচিত একসঙ্গে বসে এ নিয়ে কাজ করা। এটাই গণতন্ত্র আর গণতন্ত্রে ঝগড়া-বিবাদ বা অহংকারের কোনও স্থান নেই। এমন কোনও বিষয় নেই যা নিয়ে সরকার আলোচনা করতে চায় না।

অ্যাঞ্জিয়োপ্লাস্টি হলো জে পি নাড্ডার, স্থিতিশীল রয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী

নয়াদিল্লি, ১৮ আগস্ট ঃ শারীরিক অসুস্থতার কারণে দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)-এ ভর্তি হয়েছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগ প্রকাশ নাড্ডা। মঙ্গলবার হাসপাতালের তরফে বুলেটিন প্রকাশ করে জানানো হয়েছে, সোমবার তাঁর সফলভাবে অ্যাঞ্জিয়োপ্লাস্টি সম্পন্ন হয়েছে। বর্তমানে তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল।হাসপাতাল সূত্রে খবর, গত ১৩ আগস্ট বুকে অস্বস্তি নিয়ে এইমস-এ ভর্তি হন কেন্দ্রীয় মন্ত্রী। ভর্তির পরই তাঁর একাধিক শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করেন চিকিৎসকরা। সোমবার তাঁর অ্যাঞ্জিয়োপ্লাস্টি করা হয়।মঙ্গলবার এইমস কর্তৃপক্ষ-র তরফে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডার সোমবার (১৭ আগস্ট) অ্যাঞ্জিওপ্লাস্টি হয়েছে। বর্তমানে তাঁর অবস্থা স্থিতিশীল। তিনি দিল্লির এইমস-এর কার্ডিওলজি বিভাগে চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন।

মুর্শিদাবাদে নাবালিকা গর্ভধারণের ঘটনায় উদ্বিগ্ন অধীর চৌধুরী

বহরমপুর, ১৮ আগস্ট ঃ মুর্শিদাবাদে নাবালিকা গর্ভধারণের ঘটনায় উদ্বিগ্ন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। বিশেষ করে মুর্শিদাবাদের সুতি, শামসেরগঞ্জ ও অন্যান্য অংশে ১২ থেকে ১৪ বছর বয়সী নাবালিকাদের গর্ভধারণের ঘটনা উদ্বেগ সৃষ্টি করেছে।এ প্রসঙ্গে মঙ্গলবার কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, এটা সত্যি যে এই বিষয়টি সম্পর্কে আরও বেশি মানুষকে সচেতন করা প্রয়োজন। আইনসম্মত বয়সের আগে মেয়েদের বিয়ে দেওয়া আইনবিরুদ্ধ এবং আমাদের আইন এর অনুমতি দেয় না বলে জানা যায় খবর থেকে

ঘোষণা

দুরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথার্থতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাপনগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

বাতিল হবে পরীক্ষা, ঘোষণা হেমন্তের এবার শুধু সিবিআই তদন্ত চাইছেন পড়ুয়ারা

রাঁচি, ১৮ আগস্ট ঃ অনিয়মের অভিযোগের কারণে ঝাড়খণ্ড পাবলিক সার্ভিস কমিশন (জেপিএসসি) এবং ঝাড়খণ্ড স্টাফ সিলেকশন কমিশনে (জেএসএসসি) নিয়োগ পরীক্ষা বাতিল করা হবে। সোমবার রাতে এ কথা জানিয়েছেন সে রাজ্যের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। এরপরই অনশন প্রত্যাহার করলেন ঝাড়খণ্ডে আন্দোলনরত পড়ুয়ারা। এমনই জানালেন তাঁদের নেতা দেবেন্দ্রনাথ মাহাতো। দিল্লির যন্তর মন্তরের পরে এ বার ঝাড়খণ্ডেও চাকরির পরীক্ষায় দুর্নীতির বিরুদ্ধে আঃেদালনে সাফল্য পেলেন পড়ুয়া ও চাকরিপ্রার্থীরা।গত সোমবার জেএসএসসি সিজিএল পরীক্ষা বাতিলের সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। একই সঙ্গে ২০১৪ সাল থেকে ঝাড়খণ্ডে হওয়া সমস্ত চাকরির পরীক্ষায় ছোট-বড় সব ধরনের অনিয়মের অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হয়েছে। এরই প্রেক্ষিতে আন্দোলনরত পড়ুয়াদের নেতা দেবেন্দ্রনাথ মাহাতো জানান, ১৬ দিন ধরে চলা অনশন তাঁরা শেষ করছেন। সাংবিধানিক ও শান্তিপূর্ণ ভাবে যে দাবিগুলি নিয়ে তাঁরা আন্দোলন করছিলেন, সেগুলি মেনে নেওয়ায় শান্তিপূর্ণ প্রতিবাদ স্থগিত করা হচ্ছে।হেমন্তের ঘোষণায় খুশি হলেও, এবার শুধু অনিয়মের ঘটনায় সিবিআই তদন্ত চাইছেন পড়ুয়ারা। ছাত্রনেতা রবীন্দ্র পাসওয়ান বলেছেন, 'জেপিএসসি-জেএসএসসি রিফর্ম ফোরাম'-এর পক্ষ থেকে আমরা মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি, শিক্ষার্থীদের স্বার্থে এমন একটি ঐতিহাসিক ও সাহসী সিদ্ধান্ত নেওয়ার জন্য। মুখ্যমন্ত্রী, আপনি অত্যন্ত সাহসী একটি পদক্ষেপ নিয়েছেন। আমাদের আরও একটি দাবি রয়েছেঃযেসব পরীক্ষা বাতিলের কথা আপনি বলেছেন, সেগুলির বিষয়ে দয়া করে সিবিআই তদন্তের নির্দেশ দিন-আপনার কাছে এটাই আমাদের অনুরোধ। আপনি যদি সিবিআই তদন্তের নির্দেশ দেন, তবে আমরা সকল শিক্ষার্থী আপনার পাশে থাকব।পরে ঝাড়খণ্ডের মন্ত্রী দীপিকা পাণ্ডে সিং ও ইরফান আনসারি জয়পাল সিং মুন্ডা স্টেডিয়ামে পৌঁছন। অনশনরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন তাঁরা এই শিক্ষার্থীদের মধ্যে ছিলেন হুইলচেয়ারে বসে আন্দোলনে অংশ নেওয়া সবিতা কুমারী এবং ছাত্রনেতা রবীন্দ্র পাসওয়ান ও উম্মে হাবিবা। মন্ত্রী দীপিকা পাণ্ডে সিং বলেন, সরকারের একটি উদ্যোগের প্রেক্ষিতে অনশনরত দেবেন্দ্র মাহাতো ও তাঁর সহযোগীরা স্বেচ্ছায় তাঁদের আন্দোলন প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছেন। পাশাপাশি, বর্তমানে যারা আন্দোলনে বসে আছেন, আমরা তাঁদেরও আহ্বান জানাচ্ছি যেন তাঁরা শীঘ্রই তাঁদের অনশন কর্মসূচি শেষ করেন বলে জানান।

নালন্দা বিশ্ববিদ্যালয়ে বিএলও-দের সঙ্গে মতবিনিময় জ্ঞানেশ কুমারের

পাটনা, ১৮ আগস্ট ঃমুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গত সোমবার বিহারের রাজগীরে, নালন্দা বিশ্ববিদ্যালয়ে ৫০০-র বেশি বুথ লেভেল অফিসার বা বিএলও-দের সঙ্গে এক মত বিনিময় .অনুষ্ঠানে মিলিত হন। এই অনুষ্ঠানের মূল লক্ষ্য হলো নির্বাচন পদ্ধতিকে আরও কার্যকরী, স্বচ্ছ, গ্রহণযোগ্য এবং নাগরিক কেন্দ্রিক করে গড়ে তোলা। এরপর তিনি পাটনায়, ইলেকশন লিটেরেশি ক্লাব দ্বিতীয় পর্যায়ের সূচনা করেন।পাটনায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, আমাদের গণতন্ত্রের মূল ভিত্তি- সেই ' বুধ লেভেল অফিসার' বা বুথ-স্তরের আধিকারিকদের সঙ্গে মতবিনিময়ের সৌভাগ্য আমার হয়েছিল। আমরা ভোটার তালিকা, ভোটগ্রহণ প্রক্রিয়া এবং ভোট গণনা প্রক্রিয়ার বিষয়ে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের দ্বারা পরিচালিত সমসাময়িক নিরীক্ষা নিয়ে আলোচনা করেছি। এছাড়া, তাঁদের চমকার প্রস্তুতির জন্য এবং কেবল বিহার অথবা ভারত নয়, বরং সমগ্র বিশ্বের সামনে এক দৃষ্টান্তমূলক পথ তৈরি করার জন্য আমি আমাদের বুথ লেভেল অফিসারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছি।

বাদল অধিবেশনের আগে সাজছে হিমাচল বিধানসভা, আলোয় ঝলমল করবে ঐতিহাসিক ভবন

শিমলা, ১৮ আগস্ট ঃ আগামী ২১ আগস্ট থেকে শুরু হতে চলা হিমাচল প্রদেশ বিধানসভার বাদল অধিবেশনের আগে ঐতিহাসিক বিধানসভা ভবনকে নতুন সাজে সাজানোর প্রস্তুতি শেষ পর্যায়ে। অধিবেশন চলাকালীন বিধানসভা চত্বর রঙিন আলোয় সেজে উঠবে। পাহাড়ের রানি শিমলার ঐতিহাসিক এই ভবন তখন বিশেষ আকর্ষণের কেন্দ্র হয়ে উঠবে।হিমাচল বিধানসভার বাদল অধিবেশন চলবে ২১ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত। মোট ১০টি অধিবেশন হওয়ার কথা রয়েছে। একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে শাসক কংগ্রেস ও বিরোধী বিজেপির মধ্যে উত্তপ্ত বিতর্কের সম্ভাবনাও রয়েছে।বিধানসভার অধ্যক্ষ কুলদীপ পাঠানিয়া মঙ্গলবার জানান, বিধানসভা ভবনের সৌন্দর্যায়নের কাজ চলছে। অধিবেশনের সময় গোটা চত্বর রঙিন আলোয় সজ্জিত থাকবে। ঐতিহাসিক পরিচয় বজায় রেখেই ভবনটিকে আরও আকর্ষণীয় করে তোলা হচ্ছে।তিনি জানান, বিধানসভা চত্বরের কাউন্সিল চেম্বার রাজ্যের গুরুত্বপূর্ণ ঐতিহ্য। ভবনটি সংরক্ষণ করা সকলের দায়িত্ব। ব্রিটিশ শাসনকালে ১৯২০ সালে ভবনটির নির্মাণ শুরু হয় এবং ১৯২৫ সালে তা সম্পূর্ণ হয়। এই ভবনেই প্রথম কেন্দ্রীয় অ্যাসেম্বলির অধিবেশন হয়েছিল। সেই অ্যাসেম্বলির প্রথম নির্বাচিত সভাপতি ছিলেন ভিত্তলভাই পটেল।বর্তমানে বিধানসভা চত্বরে কাউন্সিল চেম্বার, ভিত্তলভাই ভবন, প্রশাসনিক ভবন এবং ড. যশবন্ত সিংহ পরমার গ্রন্থাগার ভবন-এই চারটি প্রধান ভবন রয়েছে। এগুলির সংরক্ষণ ও সৌন্দর্যায়নের কাজও শেষ পর্যায়ে।অধ্যক্ষ জানান, অধিবেশন শুরুর একদিন আগেই সমস্ত কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। নিরাপত্তা ও আইনশৃঙ্খলা নিয়েও জেলা প্রশাসন ও রাজ্য সরকারের আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক হয়েছে। বিধায়ক, আধিকারিক, দর্শনার্থী এবং অধিবেশন দেখতে আসা স্কুল পড়ুয়াদের যাতে কোনও অসুবিধা না হয়, তার জন্য বিশেষ ব্যবস্থা করা হচ্ছে। জরুরি পরিস্থিতির জন্য বিধানসভা চত্বরে অ্যাম্বুলেন্স, চিকিৎসক ও প্যারামেডিক্যাল কর্মীও মোতায়েন থাকবে।

আমেরিকা ও ইরানের মধ্যে সামরিক উত্তেজনার মাঝেই শেষ হল চুক্তির মেয়াদ

ওয়াশিংটন ও তেহরান, ১৮ আগস্ট ঃ হরমুজ জট কাটেনি, বরং আমেরিকা ও ইরানের মধ্যে সামরিক উত্তেজনা চরম আকার নিয়েছে। এই ডামাডোলের মাঝেই সোমবার শেষ হয়েছে দুই দেশের শান্তিচুক্তি।চুক্তির মেয়াদ শেষ হওয়ায় আমেরিকা ও ইরানের মধ্যে সংঘাত আরও তীব্র আকার নেবে বলে মনে করা হচ্ছে।পাকিস্তানের মধ্যস্থতায় ১৪ দফা সমঝোতা স্মারকের মেয়াদ ছিল ৬০ দিন। তবে বাস্তবে সে চুক্তি কোনও কাজে আসেনি বলেই মনে করা হচ্ছে।ইরান ও আমেরিকার মধ্যে হওয়া ৬০ দিনের এই চুক্তির মূল উদ্দেশ্য ছিল যুদ্ধে দাঁড়ি টানা।চুক্তির মূল শর্ত ছিল, উভয় পক্ষ লেবানন-সহ মধ্যপ্রাচ্যে সামরিক অভিযান অবিলম্বে বন্ধ করবে। ৩০ দিনের মধ্যে আমেরিকা হরমুজে তাদের অবরোধ তুলে নেবে। পাশাপাশি প্রস্তাব ছিল, ইরানের আশপাশ থেকে মার্কিন সেনা প্রত্যাহার, তেল রপ্তানিতে ছাড়, বিদেশে থাকা

বকেয়া ডিএ-র ৬৫ শতাংশ দেওয়া হয়ে গিয়েছে, সুপ্রিম কোর্টে জানাল রাজ্য

নয়াদিল্লি, ১৮ আগস্ট ঃরাজ্যের সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘভাতা (ডিএ)-র ৬৫ শতাংশ ইতিমধ্যে দেওয়া হয়ে গিয়েছে। মঙ্গলবার সুপ্রিম কোর্টে এমনটাই জানাল পশ্চিমবঙ্গ সরকার। যদিও রাজ্যের সরকারি কর্মীদের একাংশের দাবি, অনেকেই এখনও ডিএ-র টাকা পাননি। বুধবার ফের মামলাটি শুনবে আদালত।সরকারি কর্মীদের একাংশের হয়ে এ দিন আদালতে সওয়াল করেন আইনজীবী করুণা নন্দী এবং ফিরদৌস শামিম। তাঁদের বক্তব্য, অনেক সরকারি কর্মী এখনও ওই টাকা পাননি। তাঁদের সওয়াল, আদালতের রায়ে বলা হয়েছিল বঞ্চিত সব সরকারি কর্মীকে বকেয়া ডিএ দিতে হবে। কিন্তু সকলে সেই টাকা পাননি বলে দাবি সরকারি কর্মীদের একাংশের।মঙ্গলবার সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় কারল এবং বিচারপতি প্রশান্তকুমার মিশ্রের বেঞ্চে মামলাটি শুনানির জন্য ওঠে। রাজ্য সরকারের হয়ে এজলাসে সওয়াল করেন সলিসিটর জেনারেল তুষার মেহতা। তিনি জানান, বকেয়া ডিএ-র ৬৫ শতাংশ ইতিমধ্যে দেওয়া হয়েছে। বাকি অংশও দেওয়ার প্রক্রিয়া চলছে। রাজ্য জানিয়েছে, এখনও পর্যন্ত ৭ হাজার ৭০০ কোটি টাকারও বেশি দেওয়া হয়ে গিয়েছে।

'টুকরে টুকরে গ্যাং'-এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে মা-বোনেদের আবেদন মুখ্যমন্ত্রীর

কলকাতা, ১৮ আগস্ট ঃ দেশ মাতৃকা ও জাতীয় সংস্কৃতি রক্ষায় মা-বোনেদের বীরাঙ্গনার ভূমিকায় অবতীর্ণ হয়ে 'টুকরে টুকরে গ্যাং'-এর বিরুদ্ধে রুখে দাঁ।ানোর আহ্বান জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।মঙ্গলবার 'অন্নপূর্ণা যোজনা' ও একাধিক নারী কল্যাণমুখী প্রকল্পের বিস্তারিত রূপরেখা তুলে ধরে তিনি কলকাতায় এক অনুষ্ঠানে বলেন, যে অপশক্তি বা ' টুকরে গ্যাং' দেশের অভ্যন্তরে থেকে স্বদেশপ্রেম ও জাতীয়তাবাদে আঘাত হানতে চায়, তাদের বিরুদ্ধে মাতঙ্গিনী হাজরা, রানি রাসমণি, রানি শিরোমণি, বীণা দাস কিংবা প্রীতিলতা ওয়াদ্দেদারের মতো নারীদেরই অগ্রণী ভূমিকা নিতে হবে।মুখ্যমন্ত্রী বলেন, উত্তর কলকাতার ৬০টি ওয়ার্ডে অন্নপূর্ণা যোজনার উপভোক্তা ও মা-বোনেদের নিয়ে ' যোজনা বাহিনী' বা একটি সামাজিক গোষ্ঠী গড়ে তোলার নির্দেশ দেওয়া হয়েছে, যা নারী অধিকার রক্ষা ও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হবে। একই সঙ্গে, প্রকল্পে স্বচ্ছতা বজায় রাখতে আগামী ২০ অগস্ট থেকে একটি বিশেষ ওয়েব পোর্টাল চালু করা হচ্ছে।কোনও উপযুক্ত মহিলা অর্থ না পেলে কিংবা কোনও অনুপযুক্ত মহিলা অর্থ পেয়ে থাকলে সেখানে সরাসরি আপত্তি ও আবেদন জানানো যাবে। স্বচ্ছতা বজায় রাখতে বিত্তশালী মহিলাদের এই সুবিধা ত্যাগ করে অন্য দুঃস্থ বোনদের সুযোগ করে দেওয়ার অনুরোধ জানান মুখ্যমন্ত্রী।

বনকর্মীদের জন্য বেতন বাড়ল ৫ হাজার, ভাতা বৃদ্ধি বন সহায়কদেরও

কলকাতা, ১৮ আগস্ট ঃ রাজ্যের বন দফতরের কর্মী ও আধিকারিকদের জন্য শারদীয়ার বিশেষ উপহার ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার ' সবুজ স্বাধীনতা দিবস'-এর অনুষ্ঠানে রাজ্য সরকারের ১০০ দিন পূরণের সাফল্য স্মরণ করেন মুখ্যমন্ত্রী।আগামী অক্টোবর মাস অর্থা দুর্গাপুজোর মরশুম থেকেই দফতরের রেঞ্জার, বিট অফিসার, ফরেস্ট গার্ড এবং বন সহায়কদের বেতন ও ভাতা বৃদ্ধি করতে চলেছে রাজ্য সরকার।সূত্রের খবর, রাজ্যে বর্তমানে কর্মরত প্রায় ৫০০ জন রেঞ্জারের মাসিক বেতন ৫,০০০ টাকা করে বাড়ানো হচ্ছে। ৫০০ জন বিট অফিসারের ক্ষেত্রে আগামী অক্টোবর মাস থেকে মাসে ৫,০০০ টাকা করে বেতন বাড়বে।দফতরের ৬৫০ জন ফরেস্ট গার্ডের বেতন এক ধাক্কায় প্রতি মাসে ৫,০০০ টাকা করে বাড়ানোর কথা ঘোষণা করা হয়েছে।রাজ্যজুড়ে থাকা ১,৫০০ জন বন সহায়ক এতদিন মাসে ১০,০০০ টাকা করে ভাতা পেতেন। তাঁদের ভাতা ২,০০০ টাকা বাড়িয়ে ১২,০০০ টাকা করা হল।

ওড়িশায় ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি

ভুবনেশ্বর, ১৮ আগস্ট ঃটানা বৃষ্টি হচ্ছে ওড়িশায়, এর ফলে সেই রাজ্যের একাধিক জেলায় ও।শিায় বন্যা পরিস্থিতি উদ্বেগজনক। নিম্নচাপের প্রভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা হচ্ছে, তাই বন্যা পরিস্থিতির আরও অবনতি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। বালেশ্বর, ভদ্রক, ময়ূরভঞ্জ প্রভৃতি জেলায় লাল সতর্কতা জারি করা হয়েছে।এছাড়াও রাজ্যের অন্যান্য জেলাগুলিতে কমলা ও হলুদ সতর্কতা জারি রয়েছে। বন্যা পরিস্থিতির দিকে সর্বক্ষণ নজর রাখছেন মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি। বন্যা কবলিত এলাকায় জোরকদমে চলছে ত্রাণ ও উদ্ধারকাজ। লাগাতার বৃষ্টির জেরে ওড়িশার কেন্দ্রাপাড়ায় জাতীয় সা।কে বড়সড় ধস নামে। এর ফলে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা তিনটি ট্রাক গর্তে পড়ে যায়। যদিও সেই ঘটনায় কেউ হতাহত হননি।

ভারী বৃষ্টিতে হিমাচলে বিপর্যস্ত জনজীবন, বন্ধ ৮৭টি রাস্তা

শিমলা, ১৮ আগস্ট প্রবল বৃষ্টিতে হিমাচল প্রদেশে স্বাভাবিক জনজীবন ব্যাপকভাবে ব্যাহত হয়েছে। সোমবারের ভারী বৃষ্টির জেরে রাজ্যের বিভিন্ন এলাকায় ৮৭টি রাস্তা বন্ধ হয়ে যায়। একই সঙ্গে চাম্বা জেলায় একটি লোহার সেতু হড়পা বানের জেরে ভেসে যাওয়ায় বিপাকে পড়েন বহু মানুষ।চাম্বা জেলার ভারমৌর এলাকার বালোথ গ্রাম পঞ্চায়েতে হ।পা বানে একটি লোহার সেতু ধসে পড়ে। ওই সেতু দিয়ে ভারমৌরের মা ভগবতী খুন্ধি ওয়ালি মন্দিরের দিকে যাওয়ার সময় প্রায় ৫০ জন তীর্থযাত্রী আটকে পড়েন। প্রবল জলের স্রোতে তাঁদের চলাচলের পথ ক্ষতিগ্রস্ত হওয়ায় পরিস্থিতি জটিল হয়ে ওঠে। পরে স্থানীয় গ্রামবাসীরা উদ্যোগ নিয়ে তীর্থযাত্রীদের নিরাপদে উদ্ধার করেন। তাঁদের যাতায়াতের সুবিধার জন্য স্থানীয়দের উদ্যোগে একটি অস্থায়ী কাঠের সেতুও তৈরি করা হয়।অন্যদিকে, সোলান জেলার চাক্কি মোড়ের কাছে ভূমিধসের কারণে কালকা-শিমলা জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে পড়ে। ফলে ওই গুরুত্বপূর্ণ সড়কে যান চলাচল সাময়িকভাবে ব্যাহত হয়। প্রশাসনের তরফে পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে এবং ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি দ্রুত স্বাভাবিক করার চেষ্টা চলছে।রাজ্যের জরুরি পরিষেবা কেন্দ্রের তথ্য অনুযায়ী, সবচেয়ে বেশি রাস্তা বন্ধ হয়েছে কুল্লু জেলায়। সেখানে মোট ৩৩টি রাস্তা বন্ধ রয়েছে। এরপর রয়েছে মান্ডি জেলা, যেখানে ২৭টি রাস্তা বন্ধ হয়েছে। শিমলা জেলায় বন্ধ রয়েছে ৯টি রাস্তা। পাহাড়ি এলাকায় একের পর এক ভূমিধস ও হড়পা বানের ঘটনায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হওয়ার পাশাপাশি সাধারণ মানুষের দুর্ভোগও বেড়েছে।এদিকে, পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে ভারতীয় আবহাওয়া দফতর মঙ্গলবার আগামী ২৪ ঘণ্টার জন্য হিমাচল প্রদেশে ' সতর্কতা' জারি করেছে। বিলাসপুর, কাংড়া, মান্ডি ও সিরমৌর জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৩ আগস্ট পর্যন্ত রাজ্যের বিভিন্ন এলাকায় বৃষ্টির এই প্রবণতা অব্যাহত থাকতে পারে।প্রবল বৃষ্টির কারণে পাহা।ি অঞ্চলে ভূমিধস, হড়পা বান এবং রাস্তা বন্ধ হওয়ার আশঙ্কা আরও বা।তে পারে বলে প্রশাসনের তরফে সতর্কতা জারি করা হয়েছে। পরিস্থিতির দিকে নজর রাখার পাশাপাশি জরুরি পরিষেবা ও উদ্ধারকারী দলগুলিকে প্রস্তুত রাখা হয়েছে।

জ্ঞানেশের প্রশংসায় ট্রাম্প, কড়া আইনের পক্ষ সওয়াল মার্কিন রাষ্ট্রপতির

নয়াদিল্লি, ১৮ আগস্টঃ আমেরিকার নির্বাচনী ব্যবস্থা সংস্কারের জন্য 'সেভ আমেরিকা অ্যাক্ট'-এর পক্ষে সওয়াল করতে গিয়ে ভারতের ভোট-ব্যবস্থার প্রশংসা করলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোমবার সমাজ মাধ্যমে দেওয়া পোস্টে ট্রাম্প দাবি করেন, ভারতের সাম্প্রতিক সাধারণ নির্বাচনগুলিতে মোট ৬৪ কোটি ৬০ লক্ষেরও বেশি মানুষ ভোট দিয়েছেন। অথচ এক শতাংশেরও কম ভোট পড়েছে ডাকযোগে। ট্রাম্প জানান, চলতি মাসের গোড়ায় ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার তাঁর প্রশাসনের আধিকারিকদের সঙ্গে কথা বলেছিলেন। সেই সময় জ্ঞানেশ, ছবি-সহ পরিচয়পত্র ছাড়াই আমেরিকায় কী ভাবে নির্বাচন হয় তা জানতে চান।ট্রাম্প লেখেন, এ মাসের শুরুর দিকে ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আমাদের প্রশাসনকে প্রশ্ন করেন- বৈধ সচিত্র পরিচয়পত্র ছাড়া আপনারা আমেরিকায় ভোট করান কী ভাবে? এর পরে ট্রাম্প আরও লেখেন, ভারতের গত নির্বাচনে ৬৪ কোটি ৬০ লক্ষ ভোটার ছিলেন। তাঁদের মধ্যে ১ শতাংশেরও কম ভোটার ডাক যোগে ভোট দিয়েছেন। প্রত্যেক ভোটারের কাছে একটি বৈধ সচিত্র পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক ছিল। আমাদের এখনই ' আমেরিকা অ্যাক্ট' পাস করতে হবে। ট্রাম্পের এই বার্তার পর ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সার্জিও গোর টুইট করেছেন, প্রেসিডেন্ট ডোনাল্ড জে ট্রাম্প একদম ঠিক বলেছেন! ভারতের গত নির্বাচনে ৬৪ কোটি ৬০ লক্ষ ভোটারের প্রত্যেকেরই পরিচয়পত্রের প্রয়োজন হয়েছিল। কংগ্রেসের উচিত 'সেভ আমেরিকা অ্যাক্ট' পাস করা।

সমাজ থেকে দারিদ্র্য ও অজ্ঞতা দূর করার চূড়ান্ত হাতিয়ার শিক্ষাঃউপরাষ্ট্রপতি



থিরুভারুর, ১৮ আগস্ট ঃ সমাজ থেকে দারিদ্র্য ও অজ্ঞতা দূর করার চূ।ান্ত হাতিয়ার হলো শিক্ষা, সোমবার এমনই মন্তব্য করেছেন উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন। উপরাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা ও দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তির এই যুগে স্নাতক হওয়া মানেই শিক্ষার সমাপ্তি নয়, বরং এটি প্রতিনিয়ত পরিস্থিতির সঙ্গে মানিয়ে নেওয়ার এক নতুন জীবনে পদার্পণ। সোমবার তামিলনাড়ুর থিরুভারুরে অবস্থিত সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ তামিলনা।ু-এর একাদশ সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি এ কথা বলেন।উপরাষ্ট্রপতি ২০১৪ সাল থেকে ভারতের শিক্ষা পরিকাঠামোর অভূতপূর্ব সম্প্রসারণের বিষয়টিও উল্লেখ করেন এবং সারা দেশে ১৬টি আইআইআইটি, ৮টি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, ৮টি আইআইএম ও ১২টি নতুন এইমস হাসপাতাল প্রতিষ্ঠার কথা তুলে ধরেন। তিনি বলেন, সমাজ থেকে দারিদ্র্য ও অজ্ঞতা দূর করার চূড়ান্ত হাতিয়ার হলো শিক্ষা। ' জাতীয় শিক্ষানীতি ২০২০'-এর প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, বর্তমানে স্বাধীনভাবে চিন্তা করার এবং দলগতভাবে কাজ করার সক্ষমতার মাধ্যমেই শিক্ষার মান বিচার করা হয় বলে খবর সূত্র থেকে জানা যায়।

ই-স্পোর্টস ওয়ার্ল্ড কাপ দাবায় আবারও চ্যাম্পিয়ন কার্লসেন

প্যারিস, ১৮ আগস্ট ঃ সোমবার প্যারিসে অনুষ্ঠিত ই-স্পোর্টস ওয়ার্ল্ড কাপ দাবা টুর্নামেন্টে আবারও নিজের রাজত্ব কায়েম করলেন নরওয়েজিয়ান গ্র্যান্ডমাস্টার ম্যাগনাস কার্লসেন। ফাইনাল ল।াইয়ে ১৯ বছর বয়সী বেলারুশিয়ান গ্র্যান্ডমাস্টার ডেনিস লাজাভিককে সরাসরি ২-০ সেটে হারিয়ে টানা দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন তিনি। পুরো টুর্নামেন্টে একটি ম্যাচেও না হেরে অপরাজিত থেকে শিরোপা ধরে রাখার ঐতিহাসিক কীর্তি গড়েন বিশ্ব দাবায় এক নম্বর তারকা কার্লসেন।অসাধারণ এই জয়ে চ্যাম্পিয়ন হিসেবে কার্লসেন ২ লাখ ৫০ হাজার মার্কিন ডলার এবং তার দল 'টিম লিকুইড'-এর জন্য ১ হাজার পয়েন্ট অর্জন করেন। অন্যদিকে রানার্স-আপ লাজাভিক পান ১ লাখ ৯০ হাজার মার্কিন ডলার। এছাড়া ৩য় স্থান নির্ধারণী ম্যাচে আমেরিকান গ্র্যান্ডমাস্টার আলিরেজা ফিরোজা কারিগরি জটিলতায় বিঘ্নিত চতুর্থ গেমের পর পঞ্চম গেম ওয়াকওভার দিলে ৪-১ ব্যবধানে জয় পেয়ে ১ লাখ ৪৫ হাজার ডলার পুরস্কার জিতে নেন বিশ্ব দাবায় র‍্যাংকিংয়ে তিনে থাকা হিকারু নাকামুরা।

শিক্ষা সংস্কার নিয়ে আধিকারিকদের সঙ্গে বৈঠক প্রহ্লাদ জোশীর

নয়াদিল্লি, ১৮ আগস্ট ঃ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রহ্লাদ জোশী সোমবার নতুন দিল্লিতে উচ্চশিক্ষা বিভাগের সচিব, ন্যাশনাল টেস্টিং এজেন্সির (এনটিএ) মহাপরিচালক এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্তাদের সঙ্গে একটি বৈঠক করেছেন। বৈঠকে মন্ত্রী নির্দেশ দেন, পরীক্ষার জন্য নির্ধারিত নিয়মকানুন বা প্রোটোকলগুলো যেন কঠোরভাবে মেনে চলা হয়। এছাড়া তিনি গোপনীয় কার্যক্রম পরিচালনার পদ্ধতি, সুরক্ষিত কক্ষের ব্যবস্থা, 'এয়ার-গ্যাপড' সিস্টেম (ইন্টারনেট-বিচ্ছিন্ন সুরক্ষিত কম্পিউটার ব্যবস্থা) এবং ডিভাইস বা ইলেকট্রনিক সরঞ্জাম জমা রাখার নিয়মাবলীতে আমূল পরিবর্তন আনার বিষয়টি জরুরি ভিত্তিতে বাস্তবায়নের নির্দেশ দেন। পাশাপাশি, পরীক্ষা-সংক্রান্ত সমস্ত প্রক্রিয়ার পুঙ্খানুপুঙ্খ নিরীক্ষা (অডিট) করা এবং গৃহীত সংশোধনমূলক পদক্ষেপের বিষয়ে রিপোর্ট জমা দেওয়ার জন্যও সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে।বৈঠক চলাকালীন, সাম্প্রতিক বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে-বিশেষ করে সামগ্রিক ব্যবস্থা সংস্কারের লক্ষ্যে-এনটিএ যেসব পদক্ষেপ নিয়েছে, সে সম্পর্কে আধিকারিকরা মন্ত্রীকে অবহিত করেন। তাঁরা মন্ত্রীকে জানান, এনটিএ থেকে ৫০ জনেরও বেশি কর্মীকে সরিয়ে দেওয়া হয়েছে। নতুন করে দশটি পেশাদার নেতৃত্বের পদের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং সংশ্লিষ্ট পদে নিয়োগ প্রক্রিয়া চলছে। সাইবার-নিরাপত্তা, সাইকোমেট্রিক্স, প্রশ্নপত্র প্রণয়ন এবং অন্যান্য বিশেষায়িত ক্ষেত্রের জন্য বেসরকারি ক্ষেত্র থেকে বিশেষজ্ঞ বা 'ডোমেইন স্পেশালিস্ট'দের নিয়ে আসা হচ্ছে।

রাশিফল

মেষঃ আজ আপনার ব্যক্তিগত সম্পর্কের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসবে। আপনি নিজের আবেগ প্রকাশ করতে আরও স্বচ্ছন্দ বোধ করবেন, যা প্রিয়জনদের সঙ্গে সম্পর্ক আরও মজবুত করতে সাহায্য করবে। বিবাহের যোগ হবে
বৃষঃ আজ ব্যক্তিগত উন্নতি ও অর্থপূর্ণ সম্পর্কের ক্ষেত্রে উসাহজনক সুযোগ আসবে। প্রিয়জনদের সঙ্গে ভালো সময় কাটালে আবেগের বন্ধন আরও দৃঢ় হবে এবং ধৈর্য ও বোঝাপড়ার মাধ্যমে পুরনো পারিবারিক সমস্যাগুলির সমাধান করতে সাহায্য করবে। কাজের যোগ হবে।
মিথুনঃআপনার আবেগপ্রবণ স্বভাব আপনার স্বাস্থ্যে গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে। আজ, আর্থিক সুবিধা পাওয়ার সম্ভাবনা রয়েছে, তবে আপনার আগ্রাসী প্রকৃতির কারণে আপনি প্রত্যাশার মতো উপার্জন করতে পারবেন না। ।
কর্কটঃআপনার মধ্যে শক্তির প্রাচুর্যতা থাকবে- কিন্তু কাজের চাপ আপনার বিরক্তের কারণ হবে। আপনি আজ আর্থিক সুবিধাগুলি অর্জনের খুব সম্ভাবনা থাকলেও আপনাকে অবশ্যই অনুদান দিতে হবে, কারণ এটি মানসিক শান্তি অর্জন করবে। সেইসব আত্মীয়দেরকে আপনার কৃতজ্ঞতা জানান যারা বিপদের সময়ে আপনাকে সাহায্য করেছেন।
সিংহ ঃ আজ আত্মবিশ্বাস, দৃঢ় সংকল্প এবং ব্যক্তিগত উন্নতির প্রেরণা পাবেন। পরিবারের সদস্য এবং আশপাশের মানুষের উৎসাহ গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনের জন্য আপনার অনুপ্রেরণা আরও বাড়িয়ে দেবে। আর্থিক উন্নতি হতে পারে।
কন্যাঃ আজ আবেগগত ও পেশাগত উন্নতির চমকার সুযোগ রয়েছে। পরিবারের সদস্যদের সঙ্গে আলোচনা অর্থপূর্ণ হয়ে উঠবে এবং পারস্পরিক বোঝাপড়া আরও মজবুত করবে। সংসারে শান্তি হবে।
তুলাঃআপনি আপনার জীবনে দীর্ঘ সময় ধরে সম্মুখীন হওয়া উত্তেজনা এবং চাপ থেকে পরিত্রাণ পেতে পারেন। একে স্থায়ীভাবে একটি নির্দিষ্ট দিশায় রাখতে আপনার জীবন শৈলী পরিবর্তন করার সঠিক সময়। বিদেশ যাত্রা শুভ দিন হবে।
বৃশ্চিকঃ একটা জায়গার পর নিজের ওপর চাপ দেবেন না এবং ঠিকভাবে বিশ্রাম নিন। প্রেম আসতে পারে।
ধনুঃ আজ আপনি উৎসাহ, আত্মবিশ্বাস এবং নতুন করে অনুপ্রেরণায় ভরপুর থাকবেন।
মকরঃ আজ দৃঢ় সংকল্প, বাস্তবসম্মত চিন্তাভাবনা এবং অর্থপূর্ণ অগ্রগতির দিকে ইঙ্গিত রয়েছে। সন্তান হতে পারে আজ।
কুম্ভঃ স্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। আপনার মনের উচ্ছল অবস্থা আপনাকে কাঙ্খিত বল এনে দেবে এবং প্রত্যয়ী করে তুলবে। আপনি দীর্ঘমেয়াদী ভিত্তিতে বিনিয়োগ করলে উল্লেখযোগ্য লাভ পাবেন। সংসারে শান্তি হতে পারে।
মীনঃ সামাজিক জীবনের থেকে স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়া উচিত। আজকে আপনার কোনো কাছের লোকের সাথে আপনার ঝগ।া হতে পারে আর সেটা কোর্ট পর্যন্ত যেতে পারে। যেই কারণে আপনার বেশ কিছু টাকা খরচা হতে পারে। আপনার পরিবারের হিতসাধনে কঠোর পরিশ্রম করুন। শুভদিন হতে পারে আজকে। প্রেম হবে।

আবহাওয়া

দক্ষিণবঙ্গের ৬টি জেলায় আগামী ২৪ ঘণ্টায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। এই জেলাগুলি হল - পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, বীরভূম, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর। এই জেলাগুলির এক-দু জায়গায় ভারী বৃষ্টি হতে পারে।দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ কম থাকবে, বৃষ্টি দাপট অবশ্য ইতিমধ্যেই অনেকটাই কমেছে। মৎস্যজীবীদের জন্য আগামী ২৪ ঘণ্টাও সমুদ্রে যেতে বারণ করা হয়েছে। আলিপুর আবহাওয়া দফতর আরও জানিয়েছে, উত্তরবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি জেলার এক-দু জায়গায় ভারী বৃষ্টি হতে পারে। মঙ্গলবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১.৩ ডিগ্রি কম। আজকের সর্বোচ্চ তাপমাত্র হয় ২৭ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন হয় ২৫ ডিগ্রী সেলসিয়াল। আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৯৭ শতকরা এবং সর্বনিম্ন ৮৯শতকরা আবহাওয়া দপ্তর থেকে জানা।

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৯টা ৫৫মনিট এবং রাত ১১টা ৪৬মিনিটে। **ভাটা**-বেলা ০৪টা ৫০মিনিট এবং রাত ০৯টা ৫১ মিনিট। সূর্যঃউদয় সকাল ৫ টা ০৫মিনিটে হতে পারেএবং অস্ত যাবে আজ ৬টা ১৯মিনিটে হতে পারে।

শহর ও শহরতলী

প্রবল বৃষ্টিতে জলমগ্ন জয়নগর মজিলপুর, হাঁটু সমান জলে দুর্ভোগ

নিজস্ব সংবাদদাতা, জয়নগর, ১৮ শুগস্ট ঃ রবিবার রাত থেকে টানা প্রবল বৃষ্টিতে জলমগ্ন দেড়শো বছরের প্রাচীন জয়নগর মজিলপুর পৌরসভার একাধিক ওয়ার্ড। সোমবার সকাল থেকেই বিভিন্ন এলাকায় হাঁটু সমান জল জমে থাকায় চরম দুর্ভোগে প'ড়ছেন সাধারণ মানুষ। জল পেরিয়েই স্কুল ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা, ট্রেনযাত্রী থেকে শুরু করে নিত্যযাত্রীদের যাতায়াত করতে হচ্ছে। জয়নগর মজিলপুর পৌরসভার ১, ২, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ ও ১৩ নম্বর ওয়ার্ড-সহ একাধিক এলাকা জলমগ্ন হয়ে পড়েছে। সবচেয়ে বেশি সমস্যায় পড়েছেন জয়নগর স্টেশন মোড়, স্টেশন রোড, ধন্বন্তরী রোড, সার্কাস মাঠ-সহ সংলগ্ন এলাকার বাসিন্দারা। জল জমে যাওয়ায় যান চলাচল ও পথচারীদের স্বাভাবিক যাতায়াত ব্যাহত হয়েছে। জলমগ্ন রাস্তা দিয়েই বাধ্য হয়ে স্কুলে যেতে হয়েছে ছাত্রীদের। একইভাবে ট্রেন ধরতে স্টেশনের দিকে যাওয়া যাত্রীদেরওজল পেরিয়ে যাতায়াত করতে দেখা যায়।এলাকাবাসীর অভিযোগ,সামান্য বৃষ্টিতেই জয়নগরের মজিলপুরের বিভিন্ন এলাকায় জল জমে যায়। নিকাশি ব্যবস্থা নিয়ে দীর্ঘদিন ধরেই সমস্যা রয়েছে। ফলে প্রবল বৃষ্টির সময় পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে। এ বিষয়ে তৃণমূল কংগ্রেস পরিচালিত জয়নগর মজিলপুর পৌরসভার চেয়ারম্যান সুকুমার হালদার বলেন, বর্তমানে নতুন সরকার রাজ্যে ক্ষমতায় এসেছে। এখনও রাস্তার কাজের জন্য ফান্ড আসেনি। তবে দপ্তরের সঙ্গে কথা বলেছি। পুজোর আগেই সব ওয়ার্ডের রাস্তা সংস্কার করে দেওয়া হবে। পাশাপাশি জল নিকাশি খাল সংস্কারেও ব্যবস্থা করা হবে।পৌর চেয়ারম্যানের আশ্বাসে কিছুটা স্বস্তি মিললেও দ্রুত জল নিকাশি ও রাস্তা সংস্কারের কাজ শুরু করার দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

স্কুলের সময়ে জনগণনার কাজে শিক্ষক! রাজ্যের সিদ্ধান্তে অসন্তুষ্ট কলকাতা হাই কোর্ট

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ স্কুলের পঠনপাঠনের নির্ধারিত সময়ে শিক্ষকদের জনগণনার কাজে নিয়োগ করা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করল কলকাতা হাই কোর্ট। সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মীদের জনগণনার মতো প্রশাসনিক কাজে যুক্ত করার সিদ্ধান্তের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছে আদালত। পাশাপাশি ছুটির দিন, বিশেষ করে শনিবার ও রবিবারও শিক্ষকদের কীভাবে এই কাজে ব্যবহার করা হবে, তা নিয়েও প্রশ্ন উঠেছে। মঙ্গলবার বিচারপতি কৃষ্ণা রাওয়ের এজলাসে এই সংক্রান্ত মামলার শুনানি হয়। শুনানিতে আদালতের পর্যবেক্ষণ, একটি স্কুলের মূল উদ্দেশ্য হল পড়াশোনা ও পঠনপাঠন চালিয়ে যাওয়া। সেই সময়ে শিক্ষকদের প্রশাসনিক কাজে নিয়োগ করা হলে তার সরাসরি প্রভাব পড়তে পারে শিক্ষা ব্যবস্থায়। ফলে স্কুলের নির্ধারিত ক্লাসের সময়ে শিক্ষকদের জনগণনার কাজে পাঠানো কতটা যুক্তিসঙ্গত, তা নিয়ে রাজ্যের কাছে ব্যাখ্যা চেয়েছে আদালত। শুধু সময়সীমা নয়, কেন মূলত স্কুলশিক্ষক এবং অশিক্ষক কর্মীদেরই এই দায়িত্ব দেওয়া হচ্ছে, তা নিয়েও প্রশ্ন তুলেছে হাই কোর্ট। বিচারপতি জানতে চান, জেলা পরিষদ, পঞ্চায়েত, পুরসভা কিংবা বিধানসভা-সহ বিভিন্ন সরকারি দফতরে পর্যাপ্ত কর্মী থাকা সত্ত্বেও কেন শিক্ষকদেরই জনগণনার কাজে নামানো হচ্ছে? প্রশাসনের অন্য দফতরের কর্মীদের কাজে লাগানোর সুযোগ থাকা সত্ত্বেও শিক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত কর্মীদের উপর কেন অতিরিক্ত দায়িত্ব চাপানো হচ্ছে, সেই প্রশ্নও উঠে আসে শুনানিতে। আদালতের আরও পর্যবেক্ষণ, জনগণনার কাজের জন্য সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত শিক্ষকদের বাধ্যতামূলকভাবে কাজে যুক্ত করার নির্দেশ সুপ্রিম কোর্ট দেয়নি। ফলে এই নির্দিষ্ট সময়সীমা কীভাবে নির্ধারিত হল এবং এর ফলে স্কুলের স্বাভাবিক পঠনপাঠন কীভাবে বজায় রাখা হবে, তা স্পষ্ট করা প্রয়োজন বলে মনে করেছে আদালত। এদিকে জনগণনার কাজে শিক্ষকদের যুক্ত করার পক্ষে আদালতে যুক্তি দেন অতিরিক্ত সলিসিটর জেনারেল। তাঁর বক্তব্য, নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ না হলে প্রয়োজনে কাজের সময়সীমা বাড়ানো হতে পারে। জনগণনার কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার ক্ষেত্রে শিক্ষকদের ভূমিকা গুরুত্বপূর্ণ বলেও আদালতকে জানান তিনি। তবে অতিরিক্ত সলিসিটর জেনারেলের এই যুক্তিতে আদালত সন্তুষ্ট হয়নি। বরং শিক্ষা ব্যবস্থার স্বাভাবিক কার্যক্রম যাতে কোনওভাবেই ব্যাহত না হয়, তা নিশ্চিত করার জন্য রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করছে, সেই বিষয়ে বিস্তারিত তথ্য চেয়েছে হাই কোর্ট। এই পরিস্থিতিতে রাজ্যকে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি কৃষ্ণা রাও। স্কুলের পঠনপাঠন সচল রাখা, শিক্ষক ও অশিক্ষক কর্মীদের উপর অতিরিক্ত প্রশাসনিক দায়িত্বের প্রভাব এবং জনগণনার কাজের সঙ্গে শিক্ষা ব্যবস্থার ভারসাম্য কীভাবে বজায় রাখা হবে-হলফনামায় সেই সমস্ত বিষয় স্পষ্ট করতে হবে রাজ্যকে। একইসঙ্গে জনগণনা কর্তৃপক্ষকেও কাজের সময়সীমা এবং কর্মপদ্ধতি স্পষ্ট করার নির্দেশ দিয়েছে আদালত। অর্থাৎ, কোন সময়ে এবং কীভাবে শিক্ষকদের এই কাজে ব্যবহার করা হবে, সেই বিষয়ে একটি সুনির্দিষ্ট পরিকল্পনা আদালতের সামনে তুলে ধরতে হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। বিচারপতির স্পষ্ট বক্তব্য, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিজেদের মধ্যে আলোচনা করে দ্রুত কোনও নির্দিষ্ট সিদ্ধান্তে না পৌঁছলে আদালতই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বাধ্য হবে। আগামী বুধবার ফের মামলাটির শুনানি রয়েছে। ফলে সেই শুনানিতে রাজ্য ও জনগণনা কর্তৃপক্ষ কী অবস্থান জানায় এবং স্কুলের পঠনপাঠন স্বাভাবিক রাখার বিষয়ে কী পরিকল্পনা পেশ করে, সেদিকেই এখন নজর।

হালিশহর লকআপে তৃণমূল কর্মীর মৃত্যুতে কড়া পদক্ষেপ, সিআইডির হাতে তদন্তভার

নিজস্ব সংবাদদাতা,হালিশহর, ১৮ আগস্ট ঃ হালিশহর থানার লকআপে তৃণমূল কর্মীর মৃত্যুর ঘটনায় এবার সিআইডি তদন্তের নির্দেশ দিল রাজ্য সরকার। ঘটনার দিন থানার লকআপে ঠিক কী ঘটেছিল, কী পরিস্থিতিতে ওই তৃণমূল কর্মী অসুস্থ হয়ে পড়েছিলেন এবং তাঁর মৃত্যুর পিছনে কোনও গাফিলতি বা অন্য কোনও কারণ ছিল কি না, তা খতিয়ে দেখবেন সিআইডির আধিকারিকরা। খুব শীঘ্রই রাজ্য গোয়েঃদা দফতরের একটি দল হালিশহর থানায় গিয়ে তদন্ত শুরু করতে পারে বলে জানা গিয়েছে। ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যেই রাজ্য রাজনীতিতে তীব্র চাপানউতোর তৈরি হয়েছে। মৃত তৃণমূল কর্মী বিরজু কুমারের পরিবারের তরফে পুলিশের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তোলা হয়েছে। তাঁদের দাবি, পুলিশি হেফাজতে অত্যাচারের জেরেই তাঁর মৃত্যু হয়েছে। যদিও মৃত্যুর প্রকৃত কারণ তদন্তের পরেই স্পষ্ট হবে। ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবিতে পরিবারের পক্ষ থেকে প্রশাসনের কাছে আবেদন জানানো হয়েছিল। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত ৬ অগস্ট উত্তর ২৪ পরগনার কাঁচরাপাড়ার ২৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা বিরজু কুমারকে গ্রেফতার করা হয়। দু'দিন পর, অর্থাৎ ৮ অগস্ট, হালিশহর থানার লকআপে তাঁকে অচৈতন্য অবস্থায় পাওয়া যায় বলে অভিযোগ। দ্রুত তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। বিরজুর মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই এলাকায় উত্তেজনা তৈরি হয়। পরিবারের তরফে অভিযোগ ওঠে, পুলিশি হেফাজতে থাকাকালীন তাঁর উপর অত্যাচার করা হয়েছিল। সেই কারণেই তাঁর মৃত্যু হয়েছে বলে দাবি করেন পরিজনেরা। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক মহলেও তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। এরপর মৃত তৃণমূল কর্মীর পরিবারের সঙ্গে দেখা করতে তাঁর বাড়িতে যান তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে সেখানে তাঁকে

ঘিরে বিক্ষোভের পরিস্থিতি তৈরি হয় বলে অভিযোগ। তাঁর গাড়ি লক্ষ্য করে কাদা ও ডিম ছোড়ার ঘটনাও ঘটে। পাশাপাশি তাঁকে উদ্দেশ করে স্লোগান দেওয়ার অভিযোগ ওঠে। ঘটনার পরেই হালিশহরে পৌঁছন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সঙ্গে ছিলেন পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা। মৃতের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে গোটা পরিস্থিতি সম্পর্কে খোঁজ নেন তিনি। পরিবারের বক্তব্য শোনার পর ঘটনার গুরুত্ব বিবেচনা করে প্রশাসনিক স্তরে একাধিক পদক্ষেপের নির্দেশ দেওয়া হয়। মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, মৃতের স্ত্রী তাঁর কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। সেই অভিযোগের ভিত্তিতেই বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। এরপর হালিশহর থানার আইসিকে ক্লোজ এবং ঘটনার তদন্তকারী আধিকারিককে সাসপেন্ড করার নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি প্রশাসনিক তদন্তেরও নির্দেশ দেওয়া হয়েছিল। ডেপুটি ম্যাজিস্ট্রেট বা এসডিও স্তরে তদন্তের পাশাপাশি জেলাশাসককেও বিষয়টি খতিয়ে দেখার দায়িত্ব দেওয়া হয় বলে জানা যায়। এবার সেই তদন্তের পরিধি আরও বাড়িয়ে সিআইডিকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। লকআপে বিরজু কুমারের অবস্থান, তাঁকে কীভাবে রাখা হয়েছিল, অসুস্থ হওয়ার পর কী ব্যবস্থা নেওয়া হয়েছিল এবং হাসপাতালে নিয়ে যাওয়ার ক্ষেত্রে কোনও দেরি হয়েছিল কি না-সমস্ত বিষয়ই তদন্তের আওতায় আসতে পারে। থানার সিসিটিভি ফুটেজ, সংশ্লিষ্ট পুলিশকর্মীদের বক্তব্য এবং অন্যান্য নথিও খতিয়ে দেখা হতে পারে। পুলিশ হেফাজতে মৃত্যুর মতো গুরুতর অভিযোগে সিআইডি তদন্তের নির্দেশের পর এখন তদন্তের রিপোর্টের দিকেই নজর মৃতের পরিবার ও রাজনৈতিক মহলের। বিরজু কুমারের মৃত্যুর প্রকৃত কারণ এবং ঘটনায় কারও গাফিলতি বা অপরাধমূলক ভূমিকা ছিল কি না, তদন্তের পরই তা স্পষ্ট হবে।

হোম স্টে, ট্যুর অপারেটর এবং টুরিস্ট বাস অপারেটরদের ডিজিটাল রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা সিদ্ধান্ত নিয়েছে রাজ্য

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ পর্যটকদের সুরক্ষায় রাজ্য সরকার রাজ্যের সব হোম স্টে, ট্যুর অপারেটর এবং টুরিস্ট বাস অপারেটরদের ডিজিটাল রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা সিদ্ধান্ত নিয়েছে। পর্যটনমন্ত্রী শংকর ঘোষ আজ কলকাতায. নব মহাকরণে সাংবাদিক বৈঠকে বলেন এজন্য প্রযে়াজনীয.মোবাইল অ্যাপ তৈরির কাজ শেষ হযে়ছে। খুব দ্রুত সেটি আনুষ্ঠানিকভাবে চালু করা হবে। আলিপুরদুযা়র, হুগলি এবং নবদ্বীপের মতো ঐতিহাসিক অঞ্চলগুলিকে কেঃদ্র করে বিশেষ পর্যটন সার্কিট গড়ে তোলার কাজ শুরু হযে়ছে বলে তিনি জানিযে়ছেন। পাশাপাশি সু ঃদরবনকে দ্বিতীয. গ্লোবাল ডেস্টিনেশন হিসাবে গড়ে

তুলতে বিশেষ গুরুত্ব দেওযা. হচ্ছে। পর্যটনকে পূর্ণাঙ্গ শিল্পের মর্যাদা দিযে. একটি সুনির্দিষ্ট এবং পর্যটন ভিত্তিক শিল্পনীতি তৈরির কাজ চলছে বলে মন্ত্রী জানিযে়ছেন। স্বাস্থ্য পর্যটনের প্রসারে একটি পৃথক নীতি আনা হবে বলে মন্ত্রী জানান। বিলাসবহুল পর্যটকদের চা বাগানের ঐতিহ্যবাহী বাংলো এলাকাগুলিতে রাখার জন্য চা বাগানে থাকুন শীর্ষক একটি নতুন ভাবনার কথা জানান তিনি। বিগত সরকারের আমলে লিজ হোল্ড জমি ফ্রি হোল্ড করার ফলে কিভাবে সেই সরকারি সম্পত্তি হস্তান্তরিত বা বিক্রি হযে.গেল সেই প্রশ্ন তুলেছেন তিনি। এই ঘটনার তদন্তের জন্য তিনি মুখ্যমন্ত্রীকে চিঠি পাঠিযে়ছেন বলে শংকর বাবু জানিযে়ছেন।

ফের জনরোষের মুখে সৌগত রায়, বিমানবন্দরে গাড়ি ঘিরে বিক্ষোভ ও ‘চোর স্লোগান

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ কলকাতা বিমানবন্দরে ফের বিক্ষোভের মুখে পড়লেন তৃণমূলের কালীঘাটপন্থী সাংসদ সৌগত রায়। মঙ্গলবার বিমানবন্দর চত্বরে তাঁকে ঘিরে কালো পতাকা দেখানোর পাশাপাশি জুতো প্রদর্শন করেন বিক্ষোভকারীরা। ওঠে ‘চোর চোর’ স্লোগানও। বিমানবন্দর কর্তৃপক্ষের একটি বৈঠকে যোগ দিতে নিজের গাড়িতে করে সেখানে পৌঁছন সৌগত। তিনি গাড়ি থেকে নামার আগেই একদল বিক্ষোভকারী তাঁর গাড়ি ঘিরে ধরে স্লোগান দিতে শুরু করেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বিমানবন্দর কর্তৃপক্ষ এবং পুলিশ তাঁকে সেখান থেকে নিরাপদে সরিয়ে নিয়ে যায়। জানা গিয়েছে, মঙ্গলবার কলকাতা বিমানবন্দর অথরিটি অফিসে একটি বৈঠকের আয়োজন করা হয়েছিল। ওই এলাকার সাংসদ হিসেবে সেই বৈঠকে সৌগত রায়কে আমন্ত্রণ জানানো হয়। সেই সূত্রেই তিনি বিমানবন্দর চত্বরে পৌঁছন। কিন্তু তাঁর গাড়ি সেখানে পৌঁছতেই উপস্থিত জনতা এবং বিজেপির কর্মী-সমর্থকদের একাংশ বিক্ষোভ শুরু করেন। সাংসদকে ফিরে যাওয়ার দাবি জানাতে থাকেন তাঁরা। একই সঙ্গে কালো পতাকা দেখানো হয় এবং জুতো হাতে নিয়ে প্রতিবাদ জানানো হয়। পরিস্থিতি বুঝতে গাড়ির কাচ নামিয়ে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলার চেষ্টা করেন সৌগত রায়। কিন্তু বিক্ষোভকারীরা তাঁর কথা শুনতে রাজি হননি বলে জানা গিয়েছে। বরং আরও জোরালোভাবে স্লোগান দিতে থাকেন তাঁরা। কিছুক্ষণ ধরে এই পরিস্থিতি চলার পর বিমানবঃদর কর্তৃপক্ষের আধিকারিক এবং পুলিশকর্মীরা হস্তক্ষেপ করেন। শেষ পর্যন্ত সৌগত রায়কে বিক্ষোভের জায়গা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। সাংসদকে ঘিরে এই ধরনের বিক্ষোভ অবশ্য নতুন নয়। চলতি বছরের মে মাসের শেষ দিকে নিমতায়ও তাঁকে ঘিরে বিক্ষোভ হয়েছিল। সেই সময় উত্তেজিত জনতার একাংশ তাঁর দিকে ডিম ছোড়ে এবং ‘ স্লোগান দেয় বলে অভিযোগ ওঠে। ওই ঘটনার পিছনে বিজেপি কর্মী-সমর্থকদের ভূমিকা রয়েছে বলে অভিযোগ করেছিলেন সৌগত রায়। এবার ফের তাঁর বিরুদ্ধে একই ধরনের স্লোগান উঠল, তবে এবার ঘটনাস্থল কলকাতা বিমানবন্দর। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোরও শুরু হয়েছে। বিজেপি বিধায়ক অরিজি বক্সী সৌগত রায়ের বিরুদ্ধে সরব হন। তাঁর অভিযোগ, দমদম এলাকার সাধারণ মানুষের পাশে সাংসদকে নিয়মিত দেখা যায় না।

এখনই জাতিগত শংসাপত্র যাচাই নয়!

রাজ্যের বিজ্ঞপ্তিতে অন্তবর্তী স্থগিতাদেশ হাই কোর্টের

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ জাতিগত শংসাপত্র যাচাই নিয়ে রাজ্য সরকারের জারি করা বিজ্ঞপ্তিতে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিল কলকাতা হাই কোর্ট। রাজ্যে নতুন সরকার ক্ষমতায় আসার পর গত ১৪ মে জাতিগত শংসাপত্র যাচাই সংক্রান্ত ওই বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। সেই বিজ্ঞপ্তির ভিত্তিতে আপাতত কোনও পদক্ষেপ করা যাবে না বলে নির্দেশ দিয়েছে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। ফলে তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণির শংসাপত্র যাচাই ও বাতিলের প্রক্রিয়া নিয়ে আপাতত রাজ্য সরকারের উদ্যোগে আদালতের হস্তক্ষেপ পড়ল। রাজ্যে সরকার পরিবর্তনের পর জাতিগত শংসাপত্রের বৈধতা নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়। নতুন সরকারের অভিযোগ ছিল, পূর্ববর্তী সরকারের আমলে জাতিগত শংসাপত্র প্রদানের ক্ষেত্রে নিয়ম মানা হয়নি। সেই অভিযোগের ভিত্তিতেই ১৪ মে একটি বিজ্ঞপ্তি জারি করে রাজ্য সরকার। বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২০১১ সাল থেকে রাজ্যে তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণির জন্য যে সমস্ত জাতিগত শংসাপত্র দেওয়া হয়েছে, সেগুলি যাচাই করা হবে। শুধু শংসাপত্র যাচাই নয়, তদন্তে কোনও শংসাপত্র ভুয়ো বা নিয়মবহির্ভূত বলে প্রমাণিত হলে সেটি বাতিল করা হতে পারে বলেও রাজ্যের তরফে জানানো হয়েছিল। সরকারের এই সিদ্ধান্ত সামনে আসার পরই বিষয়টি নিয়ে আপত্তি ওঠে। শংসাপত্রের বৈধতা যাচাইয়ের নামে বহু মানুষের অধিকার ও সুযোগ-সুবিধা অনিশ্চয়তার মধ্যে পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হয়। এরপরই রাজ্য সরকারের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে কলকাতা হাই কোর্টে মামলা দায়ের হয়। মামলাটির শুনানি শুরু হয় প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে। মামলাকারীদের হয়ে আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য আদালতে সওয়াল করেন। তাঁর বক্তব্য ছিল, রাজ্য সরকার নিজের উদ্যোগে আগে থেকে দেওয়া জাতিগত শংসাপত্র বাতিল করার মতো সিদ্ধান্ত নিতে পারে না। এই ধরনের

পদক্ষেপের ফলে বহু মানুষের শংসাপত্র বাতিল হওয়ার আশঙ্কা রয়েছে বলেও আদালতের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। মামলাকারী পক্ষের আরও বক্তব্য, দীর্ঘদিন ধরে বৈধ নথির ভিত্তিতে ব্যবহার করা শংসাপত্রকে নতুন করে যাচাইয়ের আওতায় এনে তা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের শিক্ষা, চাকরি এবং সরকারি সুযোগ-সুবিধার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে। ফলে রাজ্যের বিজ্ঞপ্তির বৈধতা নিয়েই প্রশ্ন তোলা হয়। অন্যদিকে রাজ্যের হয়ে অ্যাডভোকেট জেনারেল সুরজিনাথ মিত্র আদালতে পালটা যুক্তি দেন। রাজ্য সরকারের তরফে জানানো হয়, ভোটার কার্ড, আধার কার্ড-সহ বিভিন্ন সরকারি নথি এবং সংশ্লিষ্ট পরিবারের জাতিগত পরিচয়ের তথ্য যাচাই করে শংসাপত্রের বৈধতা পরীক্ষা করার প্রয়োজন রয়েছে। কোনও শংসাপত্র নিয়ম মেনে দেওয়া হয়েছিল কি না, তা খতিয়ে দেখার অধিকার রাজ্যের রয়েছে বলেও যুক্তি দেওয়া হয়। তবে রাজ্যের এই বক্তব্যের পরও আদালত আপাতত বিজ্ঞপ্তিটির কার্যকারিতার উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ স্পষ্ট করে দিয়েছে, ওই বিজ্ঞপ্তির ভিত্তিতে এই মুহূর্তে রাজ্য কোনও পদক্ষেপ করতে পারবে না। ফলে ২০১১ সাল থেকে ইস্যু হওয়া জাতিগত শংসাপত্রগুলির ব্যাপক যাচাই এবং সম্ভাব্য বাতিলের যে প্রক্রিয়া রাজ্য সরকার শুরু করতে চেয়েছিল, তা আপাতত আদালতের নির্দেশে থমকে গেল। বিজ্ঞপ্তির আইনগত বৈধতা নিয়ে মামলাটির পরবর্তী শুনানিতে আরও বিস্তারিত আলোচনা হতে পারে। আপাতত হাই কোর্টের এই অন্তর্বর্তী নির্দেশের ফলে সংশ্লিষ্ট শংসাপত্রধারীদের মধ্যে স্বস্তি তৈরি হয়েছে বলেই মনে করা হচ্ছে।

২৮ আগস্ট জাতীয় ঐক্যের বার্তা কর্মসূচী

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ রাখিবন্ধন উপলক্ষে আগামী ২৮ আগস্ট রাজ্যজুড়ে জাতীয় ঐক্য, ভ্রাতৃত্ব ও সামাজিক সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে বিভিন্ন কর্মসূচির আয়োজন করবে রাজ্য সরকার। এ জন্য তথ্য ও সংস্কৃতি দফতর সমস্ত জেলাশাসক এবং কলকাতা পুরসভার কমিশনারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে। সরকারি নির্দেশিকায় বলা হয়েছে, গ্রাম পঞ্চায়েত থেকে জেলা সদর, পুরনিগম ও পুরসভার নির্বাচিত ওয়ার্ড পর্যন্ত বিভিন্ন স্তরে অনুষ্ঠান হবে। তেরঙ্গা-থিমের রাখি বিনিময়ের পাশাপাশি রবীন্দ্রসঙ্গীত, লোকসংগীত ও স্থানীয় সাংস্কৃতিক পরিবেশনার আয়োজনের ওপর জোর দেওয়া হয়েছে। যুবকল্যাণ ও ক্রীড়া দফতর তেরঙ্গা-থিমের রাখি সরবরাহ করবে। স্থানীয় শিল্পী, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশও দেওয়া হয়েছে। অনুষ্ঠান শেষে প্রতিটি জেলা প্রশাসনকে ছবি ও সংক্ষিপ্ত প্রতিবেদন তথ্য ও সংস্কৃতি দফতরে জমা দিতে হবে।

আজ ভারতীয় জনতা পার্টির পশ্চিমবঙ্গ সরকার গঠনে এর ১০০ দিন অতিক্রান্ত হওয়ার পর সেই উপলক্ষে বিশেষ সাংবাদিক সম্মেলন করলেন বিগত কাজের পরিপ্রেক্ষিতে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এবং প্রদেশের সহ সভাপতি মাননীয়া শ্রীমতি দেবশ্রী চৌধুরী মহাশয়া এবং মাননীয় জেলা সভাপতি আইনজীবী শ্রী চণ্ডী চরণ রায় মহাশয় এবং কলকাতা উত্তর শহরতলী জেলার সম্মানীয় ছয় বিধায়ক এর ভার্চুয়ালি উপস্থিতিতে এক প্রেস কনফারেন্স সংঘটিত হয় জেলা কার্যালয় (আগরপাড়া) তে। ছবি সুবল সাহা

ভাসমান মেডিকেল ইউনিট চালু করল স্বাস্থ্য দপ্তর

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১৮ আগস্ট ঃ সুন্দরবনের মত প্রত্যন্ত এলাকায় স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে ভাসমান মেডিকেল ইউনিট চালু করল স্বাস্থ্য দপ্তর। আজ কলকাতায় এই মেডিকেল ইউনিটের উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। এর সঙ্গে স্পিড বোট অ্যাম্বুল্যান্সও চালু করবে স্বাস্থ্য দপ্তর।

১০০ দিনে উন্নয়নের খতিয়ান তুলে ধরল বিজেপির সাংগঠনিক জেলা নেতৃত্ব

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর, ১৮ আগস্ট ঃ বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকারের গঠনের পর গৌরবের সঙ্গে অতিক্রান্ত হয়েছে ১০০ দিন। এই ১০০ দিনে সাধারণ মানুষের পাশে থেকে সরকার কী কী উন্নয়নমূলক ও জনকল্যাণ মূলক কাজ করেছে, তার খতিয়ান সাধারণ মানুষের সামনে তুলে ধরল বিজেপির জয়নগর সাংগঠনিক জেলা নেতৃত্ব। এই উপলক্ষে মঙ্গলবার বারুইপুরে বিজেপির জয়নগর সাংগঠনিক জেলার প্রধান কার্যালয়ে একটি বিশেষ সভার আয়োজন করা হয়। সভায় গত ১০০ দিনে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি, জনকল্যাণমূলক উদ্যোগ এবং সাধারণ মানুষের জন্য নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরা হয়। পাশাপাশি আগামী দিনে মানুষের স্বার্থে সরকারের বিভিন্ন পরিকল্পনা ও কর্মসূচির কথাও জানানো হয়।এদিনের সভায় উপস্থিত ছিলেন গোসাবার বিধায়ক বিকর্ণ নস্কর, বিজেপির জয়নগর সাংগঠনিক জেলার সভাপতি উৎপল নস্কর, জেলা মিডিয়া ইনচার্জ মহারাজা হালদার-সহ দলের অন্যান্য নেতৃত্ব ও কার্যকর্তারা।সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা সভাপতি উৎপল নস্কর বলেন, ক্ষমতায় আসার পর থেকেই বিজেপি সরকার উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কাজ করে চলেছে।

আর এম পি ব্লক-শিফা ওয়েল ফেয়ার গ্রুপের যৌথ উদ্যোগে মেডিক্যাল ক্যাম্প

আব্দুল হাফিজ খাঁন, হাওড়া, ১৮ আগস্ট ঃ ডোমজুর জগাছা আর এম পি ব্লক ও শিফা ওয়েল ফেয়ার গ্রুপের যৌথ উদ্যোগে আগামী ১৭.০৮.২৬ রবিবার অসম রাজ্যে বন্যা কবলিত এলাকা শিবসাগর জেলার সিমলাগুড়ি নাজিরা এলাকায় মেডিক্যাল ক্যাম্প বস্ত্র বিতরণ ও খাদ্য বিতরণ করা হয়। রোগী দের চিকিৎসার সাথে সাথে তাদের শেষে প্রয়োজনীয় মেডিসিন দেওয়া হয়, পুরুষ ও মহিলা মিলে ১০০০ জন কে বস্ত্র বিতরণ করা হয়। এবং শুকনো খাবার ৫০০ জন মানুষের হাতে তুলে দেওয়া হয়। এই অসম রাজ্যে বন্যাকবলিত এলাকায় যার দায়িত্বে হয়েছে ডোমজুর জগাছা আর এম পি ব্লক ও শিফা ওয়েল ফেয়ার গ্রুপের সম্পাদক ডাঃ আশরাফুল ইসলাম শেখ মহাশয় বলেন, আমাদের দেখা অসম রাজ্যে এতোটা ক্ষতি বন্যায় আমরা আগে দেখেনি, সকলের সহযোগিতার কারনে আমরা এই ক্যাম্পটি সম্পূর্ণ করিতে সহায়ক হয়েছি। যে সকল বন্ধুরা আমাদের পাশে ছিলেন তাহাদের সকল কে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি।এছাড়াও এ দিন উপস্থিত ছিলেন ডা চন্দন রানা, ডাঃ মাফুজুর রহমান শা ,ডাঃ নাসিম আক্তার মন্ডল, ডাঃ সানোয়ার সিদ্দিকী, ডাঃ মতিয়ার রহমান লস্কর, ডাঃ সেখ সিবগাতুল্লা, দিব্যেন্দু সিনহা, শেখ সামিজ, শেখ আর ফরিদ ও প্রমূখ।

সল্টলেকের গেস্ট হাউসে তরুণীকে ধর্ষণের অভিযোগ, গ্রেফতার এক

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৮ আগস্ট ঃ সল্টলেকের একটি গেস্ট হাউসে এক তরুণীকে ধর্ষণের অভিযোগে রাজ্য পুলিশের এক সহকারী সাব-ইন্সপেক্টরকে গ্রেফতার করল পুলিশ। অভিযুক্তের বিরুদ্ধে ওই তরুণীকে বেশ কয়েকদিন গেস্ট হাউসে জোর করে আটকে রেখে যৌন নির্যাতন চালানোরও অভিযোগ উঠেছে। সম্প্রতি বিধাননগর পূর্ব থানায় লিখিত অভিযোগ দায়ের করেন নির্যাতিতা। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। সোমবার অভিযুক্তকে গ্রেফতার করা হয়। মঙ্গলবার তাঁকে বিধাননগর আদালতে পেশ করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম আজমল হক। তিনি বীরভূমের নলহাটি থানায় সহকারী সাব-ইন্সপেক্টর পদে কর্মরত ছিলেন। তদন্তকারীদের দাবি, কয়েকদিন আগে সামাজিক মাধ্যমে এক মহিলার সঙ্গে তাঁর পরিচয় হয়। সেই পরিচয়ের সূত্র ধরেই দু'জনের মধ্যে যোগাযোগ তৈরি হয়। এরপর গত জুন মাসে সল্টলেকের একটি গেস্ট হাউসে তাঁদের দেখা হয়। অভিযোগ, সেই গেস্ট হাউসেই ওই মহিলার উপর যৌন নির্যাতন চালান আজমল। শুধু ধর্ষণের অভিযোগই নয়, তাঁকে বেশ কয়েকদিন সেখানে জোর করে আটকে রাখার অভিযোগও করেছেন তরুণী। নির্যাতিতার দাবি, ওই সময় তাঁর উপর একাধিকবার যৌন নির্যাতন চালানো হয়। পরে কোনওরকমে গেস্ট হাউস থেকে বেরিয়ে পালিয়ে যেতে সক্ষম হন তিনি। এরপর বিধাননগর পূর্ব থানায় গিয়ে অভিযুক্ত পুলিশকর্মীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন তরুণী। অভিযোগ পাওয়ার পরই তদন্তে নামে পুলিশ। ঘটনার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহের

পাশাপাশি অভিযুক্তের সঙ্গে নির্যাতিতার যোগাযোগ এবং গেস্ট হাউসে তাঁদের যাতায়াত সংক্রান্ত বিষয়ও খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর। তদন্তের অগ্রগতির মধ্যেই সোমবার আজমল হককে গ্রেফতার করেন তদন্তকারীরা। তাঁকে মঙ্গলবার বিধাননগর আদালতে পেশ করা হয়। ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের জন্য অভিযুক্তকে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাতে পারে পুলিশ। অভিযোগের সত্যতা যাচাই করতে গেস্ট হাউসের নথি, সিসিটিভি ফুটেজ এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করা হতে পারে। একজন পুলিশকর্মীর বিরুদ্ধে এমন গুরুতর অভিযোগ ওঠায় ঘটনাটি ঘিরে স্বাভাবিকভাবেই চাঞ্চল্য তৈরি হয়েছে। তদন্তকারীরা অভিযোগের প্রতিটি দিক খতিয়ে দেখছেন। অভিযুক্ত পুলিশকর্মী তাঁর পদমর্যাদার কোনও প্রভাব খাটিয়েছিলেন কি না, সেই বিষয়টিও তদন্তের আওতায় রয়েছে। পাশাপাশি ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত রয়েছে কি না, তা-ও খতিয়ে দেখা হচ্ছে। নারী নির্যাতনের অভিযোগে দ্রুত ব্যবস্থা নেওয়ার বিষয়ে রাজ্য সরকারের তরফে কঠোর অবস্থানের কথা বারবার জানানো হয়েছে। অভিযুক্তের পরিচয় বা পেশা যাই হোক, অভিযোগের ভিত্তিতে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার বার্তা দেওয়া হয়েছে। মহিলাদের নিরাপত্তার জন্য ‘ সুরক্ষা স্কোয়াড’ নামে মহিলা পুলিশ পেট্রল ইউনিটও চালু করা হয়েছে। এই পরিস্থিতিতে সল্টলেকের ঘটনার অভিযোগ সামনে আসার পর দ্রুত অভিযুক্ত পুলিশকর্মীকে গ্রেফতার করে তদন্ত শুরু করেছে বিধাননগর পূর্ব থানার পুলিশ। এখন আদালতের নির্দেশ এবং তদন্তের পরবর্তী অগ্রগতির দিকেই নজর রয়েছে। অভিযোগের সত্যতা এবং ঘটনার সম্পূর্ণ বিবরণ তদন্ত শেষ হলেই স্পষ্ট হবে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩১ বর্ষ, দৈনিক ২৫৮ সংখ্যা, বুধবার, ১ ভাদ্র, ১৪৩৩

মেজর সত্য গুপ্ত

অগ্নিযুগের ছায়ায় মেজর সত্য গুপ্ত। ১৯০২ সালের ১৮ই জুলাই আজকের দিনে ভারতের অন্তর্গত বর্তমান বাংলাদেশের ঢাকা জেলার তেজগাঁও অঞ্চলে জন্মগ্রহণ করেন সত্য গুপ্ত। তাঁর পিতা প্যারীমোহন গুপ্ত ছিলেন শিক্ষিত ও সমাজসচেতন ব্যক্তি। শিক্ষাজীবনের শুরু থেকেই সত্য গুপ্ত অসাধারণ মেধার পরিচয় দিয়েছিলেন। ১৯১৯ সালে ঢাকা কলেজিয়েট স্কুল থেকে প্রথম বিভাগে ম্যাট্রিকুলেশন পাস করেন তিনি। তবে দেশমাতৃকার টানে যখন সময় এসেছে আত্মবলিদানের, তখন ব্যক্তিগত সাফল্য তাঁর কাছে তুচ্ছ হয়ে দাঁড়ায়। স্বাধীনতা সংগ্রামী ও দেশপ্রেমিক শিক্ষাবিদ অশ্বিনীকুমার দত্তের অনুপ্রেরণায় তিনি ১৯২১ সালে আই.এ পরীক্ষা না দিয়ে ব্রিটিশ বিরোধী আন্দোলনে আত্মনিয়োগ করেন। তাঁর বিপ্লবী জীবনের সূচনা ঘটে হেমচন্দ্র ঘোষ প্রতিষ্ঠিত 'মুক্তি সংঘ'-এর গুপ্ত সদস্য হিসেবে। ১৯২৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ পাস করার পর, ১৯২৭ সালে সংগঠনের নির্দেশে তিনি কলকাতায় চলে আসেন। এখানেই তাঁর সাক্ষাৎ হয় সুভাষচন্দ্র বসু ও শরৎচন্দ্র বসুর সঙ্গে। রাজনৈতিক পরিণত মনন ও সাংগঠনিক দক্ষতার স্বীকৃতিস্বরূপ ১৯২৮ সালের কলকাতা কংগ্রেস অধিবেশনে তিনি নতুনভাবে গঠিত 'বেঙ্গল ভলেন্টিয়ার্স' সংগঠনের নেতৃত্বে আসেন এবং পান মেজর উপাধি। এই সংগঠনের সর্বাধিনায়ক নিযুক্ত হন সুভাষচন্দ্র বসু। ১৯৩০ সালের ২৯শে আগস্ট কুখ্যাত পুলিশ কমিশনার লোম্যান হত্যাকাণ্ডে জড়িয়ে গ্রেপ্তার হন তিনি, যদিও পরে মুক্তি পান। কিন্তু ৮ই ডিসেম্বর ১৯৩০ সালে যখন বিনয় বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত রাইটার্স বিল্ডিংয়ে সশস্ত্র আক্রমণ চালান, তখন তিনি পুনরায় ব্রিটিশ শাসকের হাতে গ্রেফতার হন এবং রাজবন্দি রূপে দীর্ঘকাল বন্দি থাকেন। ১৯৩১ থেকে ১৯৩৮ সাল পর্যন্ত তাঁকে আলিপুর, বক্সার, মিনওয়ালি (পাঞ্জাব), ও যারবেদা (পুনা) প্রভৃতি জেলে স্থানান্তরিত করা হয়। পরে হিজলি জেল থেকে মুক্তি পাওয়ার পর, তিনি নেতাজী সুভাষচন্দ্র বসুর ঘনিষ্ঠ সহচর হিসেবে সমস্ত রাজনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ করেন। নেতাজীর ১৯৪১ সালের ১৬ই জানুয়ারির মহানিস্ক্রমণের পর সত্য গুপ্ত ফের রাজবন্দি হন এবং টানা ১৯৪৬ সাল পর্যন্ত কারাবন্দি থাকেন। স্বাধীনতা-পূর্ব এই সময়টিতে তিনি আত্মমর্যাদা ও আদর্শে অটল থেকে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যান। কারামুক্তির পর তিনি রাজনীতির পথ থেকে সরে এসে সমাজসেবায় নিজেকে নিয়োজিত করেন। উত্তর চব্বিশ পরগনা জেলার বাগু গ্রামে তিনি পল্লী উন্নয়নমূলক কাজ শুরু করেন এবং 'বাগু সপ্তগ্রামের পল্লী নিকেতন'-এর সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। উল্লেখযোগ্যভাবে, এই প্রতিষ্ঠানটির সম্পাদক ছিলেন আরেক প্রখ্যাত বিপ্লবী নিকুঞ্জ সেন। অবশেষে, ভারতের স্বাধীনতার দুই দশকের মাথায়, ১৯৬৬ সালের ১৯ জানুয়ারি, এই নির্ভীক দেশপ্রেমিক ও সংগ্রামী বিপ্লবী জীবনের শেষ অধ্যায়ে উপনীত হন। মেজর সত্য গুপ্তের জীবন কেবলমাত্র বিপ্লবের ইতিহাস নয়, এক নিরবিচ্ছিন্ন আত্মত্যাগ ও আদর্শের প্রতীক হয়ে আজও অনুপ্রেরণা জোগায়।

রোহিনী রঞ্জন বড়ুয়া

দায়ের এক কোপে দারোগার মাথা দেহ থেকে আলাদা করে দিয়েছিলেন শহীদ রোহিণীরঞ্জন বড়ুয়া। জন্ম চট্টগ্রাম জেলার গুজারা নোয়াপাড়া গ্রামে এক দরিদ্র নিম্নবিত্ত বৌদ্ধ পরিবারে। ছোট থেকেই ভালো ফুটবল খেলতেন, পড়াশুনাতেও ছিলেন মেধাবী। ব্রিটিশ সরকারের দমনপীড়ন, অত্যাচার এবং সাধারণ মানুষের ওপর শোষণের বিরুদ্ধে লড়াই করাই ছিল তাঁর মূল লক্ষ্য। তিনি দলের নির্দেশে বিভিন্ন গুপ্ত কর্মকাণ্ড, অস্ত্র সংগ্রহ এবং ব্রিটিশ কর্তাদের ওপর হামলার পরিকল্পনায় সক্রিয়ভাবে অংশ নেন। চট্টগ্রামের পাহাড়ি এলাকা ও গ্রামাঞ্চলকে কেন্দ্র করে বিপ্লবীদের যে নেটওয়ার্ক গড়ে উঠেছিল, রোহিণী বড়ুয়া সেখানে অত্যন্ত বিশ্বস্ত ও সাহসী কর্মী হিসেবে কাজ করতেন। বিপ্লবী কর্মকাণ্ড পরিচালনা করার সময় ব্রিটিশ পুলিশের নজরে আসেন রোহিণী বড়ুয়া। বিপ্লবী সন্দেহে ১৯৩২ সালে তাকে গ্রেপ্তার করে কারারুদ্ধ করা হয়। চট্টগ্রাম কারাগার থেকে হিজলি কারাগার, শেষে ফরিদপুর জেলে স্থানান্তর। ফরিদপুর জেলের দারোগা সৈয়দ এরসাদ আলী ছিলেন কুখ্যাত অত্যাচারী। বিপ্লবীদের প্রতি তার ব্যবহার ছিল অমানবিক ও ঘৃণ্য। কারাগারে থাকাকালীন রোহিনীর মায়ের মৃত্যু সংবাদ গোপন রাখা হয়। পরে বিষয়টি জানতে পেরে রোহিনী প্রশ্ন করলে দারোগা কোনো উত্তর না দিয়ে মা, বাবাকে নিয়ে অশ্লীল মন্তব্য করে। এই অপমান রোহিনী বড়ুয়া মেনে নেয়নি। রোহিনী বড়ুয়া দা তুলে নিয়ে এক কোপে দারোগার মাথা দেহ থেকে আলাদা করে দেন। এই ঘটনার পর থেকে দারোগার আর বিপ্লবীদের সঙ্গে দুর্ব্যবহার করত না। তৎকালীন সময়ে চাঞ্চল্যকর 'ফরিদপুর ষড়যন্ত্র মামলা' বা ফরিদপুর ট্রায়ালে তাঁকে দোষী সাব্যস্ত করা হয়। বিচারে ব্রিটিশ আদালত তাঁকে মৃত্যুদণ্ডের আদেশ দেয়। ১৯৩৫ সালের ১৮ই ডিসেম্বর, ফরিদপুর জেলা কারাগারে মাত্র একুশ-বাইশ বছর বয়সী এই তরুণ বিপ্লবীর ফাঁসি কার্যকর করা হয়। প্রত্যক্ষদর্শীদের বিবরণ অনুযায়ী, মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়েও তাঁর চোখে কোনো ভয় ছিল না। দেশের স্বাধীনতার স্বপ্ন বুকে নিয়ে তিনি হাসিমুখে ফাঁসির দড়ি গলায় পরেছিলেন। রোহিণীবাবুর মতো বিপ্লবীদের নিঃস্বার্থ আত্মত্যাগের ওপর দাঁড়িয়েই ১৯৪৭ সালে ভারত স্বাধীন হয়েছিল। ইতিহাসের পাতায় অনেক সময় এই বীরদের নাম কিছুটা আড়ালে চলে গেলেও, তাঁদের অবদান অনস্বীকার্য। ভারতমাতার এই বীর সন্তানকে শতকোটি প্রণাম।

শ্রীশ্রীঅনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন যে শিক্ষা দান করলে তা বৃদ্ধি পায়। শিক্ষা দান করলে শিক্ষার উন্নতি লাভ করে। শিক্ষার বিকাশ হয়।

জীবনে উন্নতি করা যদি ইচ্ছা হয় তাহলে দান করে যেতে হবে। সেটা সিক্ষা হোক বা অর্ত হোক। কিছু দান না করলে কোনও কিছুই পাওয়া সম্ভব হবে না। আর যিনি ধ্যান করেন তিনি পরম দেবতার সাক্ষাৎ পান। পরম দেবতা শরীরে অবস্থান করেন। তিনি মহান। তাকে কেন্দ্র করে সারা জগত প্রবাহিত হতে থাকে। তিনি হচ্ছেন জগত পতি। তিনি আছেন বলে সবাই সুস্থভাবে বেঁচেবর্তে থাকেন। তিনি না থাকলে এই জগতে রক্ষা মুশকিল।

মা সারদা দেবী

মা সারদা দেবী বলেছেন, কর্ম করলে মনটা শুদ্ধ থাকে। পবিত্র থাকে। মনটাকে পবিত্র করতে হবে। শুদ্ধ করতে হবে। জীবনটা যদি শুদ্ধ না হল তাহলে পুজোপাঠ করে কী লাভ? মায়ের শক্তিকে ধারন করতে হবে। জাগরিত করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শুদ্ধি করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সৎ শক্তিকে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। শুধু ধর্ম করলে হবে না। মানব সেবা করতে হবে। জীব সেবা করতে হবে। মানুষকে শিক্ষিত করতে হব। জাগ্রত করতে হবে। বেদ বেদান্ত পড়ে কোনও কিছু হবে না। গরিবদের সেবা করতে হবে। তাদেরকে শিক্ষা দিতে হবে। তাদেরকে মাথা তুলে দাঁড়ানোর অধিকার তৈরি করে দিতে হবে। পুজো অর্চনা করে কোনও সময়ে দেশ সোজা হয়ে দাঁড়ায় না। দেশকে সঠিক পথ ধরে নিয়ে যেতে গেলে কাজ করতে হবে। পরিশ্রম করতে হবে।

পরাধীন দেশে বাংলায় বাঙালিদের বিজ্ঞান চর্চা

বিশেষ প্রতিবেদক

পরাধীন যুগে ভারতের সম্মানকে উচ্চস্থানে প্রতিষ্ঠিতা করতে উদ্যোগী হয়েছিলেন বাংলার বেশ কয়েকজন বাঙালি বিজ্ঞানী এবং চিকিৎসকেরা। তারা ভারতের সম্মানকে বিশ্বের দরবারে সুপ্রতিষ্ঠিত করে গিয়েছিলেন। ভারতের যখন ব্রিটিশ শক্তি এসে প্রবেশ করলো তখন ইংল্যাণ্ডে শিল্প বিপ্লব হয়ে গিয়েছে। সেখানে শুরু হয়েছে নতুন কলকারখানা থেকে শুরু করে শিক্ষা এবং চিকিৎসা শাস্ত্রের উচ্চস্তরের অধ্যায়ন। তারই প্রভাব ভারতের ওপরে বিশেষ করে বাংলায় এসে উপস্থিত হয়েছিল। তখন কলকাতা ছিল ভারতের রাজধানি। তার ফলে কলকাতা থেকে শুরু হয়েছিল বাংলা তথা ভারতের নবজাগরণ। এই নবজাগরণের ফলে একদিকে শিল্প কলকারখানা যেমন গড়ে উঠতে শুরু করেছিল পাশাপাশি আবার শিক্ষা ব্যবস্থার উন্নতি লাভ করে। ইংরেজরা আসার ফলে কলকাতা তথা ভারতের ওপরে ব্রিটিশ সভ্যতার প্রভাব পড়তে শুরু করে। আধুনিক ভারত গড়ে তোলার পিছনে ব্রিটেনের শিল্প বিপ্লব পরেক্ষাভাবে কেন প্রত্যক্ষভাবেও কাজ করেছিল। তখন বাংলার মেধাবী ছাত্ররা ইংল্যাণ্ডে গিয়ে পড়াশুনার সুযোগ অনায়সে পেত। কলকাতা শিক্ষা প্রতিষ্ঠানগুলি ছিল আন্তর্জাতিক শিক্ষা মানের সম্মানে সম্মানিত। যার ফলে কলকাতা থেকে যেসব মেধাবী বিজ্ঞানী এবং চিকিৎসরা বিশ্ব দরবারে নাম করেছিলেন তাঁদের শিক্ষার ভিত কিন্তু বাংলা থেকে শুরু হয়েছিল। পরে সেই সব মেধাবী বিজ্ঞানী এবং চিকিৎসকেরা বিলাতে গিয়ে আরও বেশি করে অধ্যায়ন এবং চর্চা করে তাদের অভিজ্ঞতার মান বৃদ্ধি করে। বাংলায় প্রথম বিজ্ঞান চর্চার রাস্তা তৈরি করার স্বপ্ন দেখেছিলেন রাজা রামমোহন রায়। তিনি লিছেছিলেন বাংলায় বহু শাস্ত্র পুবাণ এবং সাহিত্য চর্চা হযেছে। এখন বিজ্ঞান চর্চার পথকে তৈরি করতে হবে। তাঁরই কথার পথ ধরে এগিয়ে এসেছিলেন অক্ষয় কুমার দত্ত এবং বিদ্যাসাগর মহাশায়। অক্ষয় কুমার দত্ত প্রথম চেষ্টা করেছিলেন বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার পথকে তৈরি করে দেওয়ার। তার জন্য তাঁকে বহু পরিশ্রম করতে হয়েছে। ঠাকুর বাড়িরপ্রধান কর্তা মহর্ষী দেবেন্দ্রনাথ ঠাকুরের তত্ত্বাবধানে একটি বিজ্ঞান বিষয়ক পত্রিকা প্রকাশিত হতো। সেই পত্রিকার নাম ছিল 'তত্তবোদিনী পত্রিকা'। সেখানে বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ রচিত হতো। এই পত্রিকার সম্পাদনার দায়িত্ব পালন করেছিলেন অক্ষয় কুমার দত্ত এবং বিদ্যাসাগর মহাশয়। মাতৃভাষায় বিজ্ঞানে জয়যাত্রায় 'তত্ত্ববোধিনী' পত্রিকার অবদান কম নয়। আচার্য প্রফুল্ল কুমার রায় রসায়ন বিজ্ঞানের পারদর্শী ছিলেন। তাঁর মতো রসায়ন বিজ্ঞানী তখন ভারতে বলতে গেলে দুর্লভ। তিনি কলকাতা প্রেসিডেন্সি কলেজে বিজ্ঞান গবেষণায় রত ছিলেন। সেখানেই তাঁর গবেষণা কেন্দ্র ছিল। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় আবার ভারতের স্বাধীনতা সংগ্রামীদের পরোক্ষভাবে সাহায্য করতেন। তিনি বিপ্লবীদের বোমা তৈরি করার ব্যাপারে তাঁর গবেষণাগারকে ব্যবহার করতে সম্মতি দান করেছিলেন। বাংলার বিপ্লবী বোমা আন্দোলনের ব্যাপারে ভগিনী নিবেদিতার নাম অতি অবশ্যই করতে হবে। তিনি শুধু বাংলার বিপ্লবীদের সমর্থক ছিলেন শুধু নন, তিনি ভারতের বিজ্ঞান চর্চা যাতে প্রসারিত হতে পারে তার জন্য তিনি আচার্য জগদীশ বোসকে সহায়তা করে গিয়েছেন। বিশ্ব দরবারে আচার্য জগদীশ চন্দ্রকে প্রতিষ্ঠা করার উদ্যোগ গ্রহণ করেছিলেন ভগিনী নিবেদিতা। তিনি ছিলেন আচার্য জগদীশ বোসের উৎসাহীদাত্রী। যখন আটার্য জগদীশ বোস হতাশ হয়েছেন তখন ভগিনী নিবেদিতা এসে তাঁর কাঁধে হাত রেখে তাঁকে নিরাশ হওয়া থেকে তাকে উদ্ধার করেছিলেন। সুতরাং বাংলার বিজ্ঞান চর্চার কথা বলতে গেলে ভগিনী নিবেদিতার অবদানকে অস্বীকার করা চলবে না। তিনি আবার কলকাতায় 'বসু বিজ্ঞান মন্দির' প্রতিষ্ঠা করতে জগদীশ বোসকে আর্থিক সাহায্য থেকে শুরু করে মানসিক শক্তির যোগান দিয়েছেন। তিনি ছিলেন বলেই জগদীশ চন্দ্র বোস 'বসু বিজ্ঞান মন্দির' তৈরি করতে সক্ষম হয়েছিলেন। আজকে সেখান থেকে রয়েক বছর ধরে শয়ে শয়ে বিজ্ঞান বিষয়ে দক্ষতা অর্জন করে বিশ্ব দরবারে গিয়ে উপস্থিত হতে পারছে ছাত্ররা। রাজা বাজার সায়েন্স কলেজ বাংলার বিজ্ঞান দরবারে বিশেষ স্থান অধিকার করে রয়েছে। তারকনাথ পালিত বিজ্ঞান কলেজ কলকাতায় প্রতিষ্ঠা লাভ করুক এটা মনে প্রাণে চাইতেন। তাঁর চিন্তার ফসল আজকের রাজা বাজার অঞ্চলে বিজ্ঞান কলেজ। রবীন্দ্রনাথ ঠাকুর কবি হলেও তিনি কিন্তু বিজ্ঞান বা চিকিৎসা জগতের থেকে উদাসীন ছিলেন না। রবীন্দ্রনাথ বিজ্ঞান বিষয়ক একটি বই রচনা করেছিলেন সেই বইটির নাম হচ্ছে 'বিশ্ব পরিচয়'। বাংলা যে বিজ্ঞান চর্চা করা সম্ভব তার পথটাকে তৈরি করতে উদ্যোগী হয়েছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

বিদ্যাসাগর মহাশয় বিজ্ঞান বিষয়ে উৎসাহী ছিলেন। তিনি বহু বিজ্ঞানীদের নিয়ে প্রবন্ধ রচনা করে গিয়েছেন। এমনকী তিনি নিজেই হোমিপ্যাথিক চিকিৎসক ছিলেন। কারমাটাড়ে তিনি সকলের কাছে বিদ্যাসাগর বলে পরিচিত ছিলেন না। সেখানে তিনি চিকিৎসক ঈশ্বর বলে পরিচিতি লাভ করেন। ভেজষ গাছ লাগিয়ে সেখান থেকে ওযুধ নির্মাণ করার পদ্ধতি তিনি গ্রহণ করেছিলেন। সেই কারণে কারমাটাড়ে তিনি ভেষজ গাছগাছালি লাগিয়েছিলেন। বিজ্ঞান প্রিয় অক্ষয় কুমার দত্তও নিজের হাতে বহু গাছ লাগিয়েছিলেন। সেই সব গাঝের গুনাগুণ তিনি তাঁর সম্পাদিত পত্রিকা 'তত্ত্ববোধিনী' পত্রিকাতে প্রকাশ করতেন। তিনি ইংজেরি ভাষার বিজ্ঞানর প্রতিশব্দ বাংলায় তৈরি করার উদ্যোগ গ্রহণ করেছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর ইংরেজি ভাষায় বিজ্ঞানের শব্দগুলিকে বাংলা প্রতিশব্দ তৈরি করে বাংলার বিজ্ঞান চর্চাকে প্রসারিত করে দিয়ে গিয়েছিলেন। রবীন্দ্রনাথ কবি হলেও তিনি আবার সুচিকিৎসক ছিলেন। ভারতে স্প্যানিস ফ্লু দেখা দিলে রবীন্দ্রনাথ একটি টোক্কা তৈরি করে শান্তিনিকেতনের ছাত্রছাত্রীদের খাওয়াতেন এক চামচ করে আর পাশে গ্রামগুলিতে বসবাসকারীদের ঘরে গিয়েও এক চামক টোক্কা দিতেন যাকে স্প্যানিস ফ্লু এসে তাদেরকে আক্রমণ না করতে পারে। ভারতে স্প্যানিস ফ্লুতে এক কোটি লোক মারা গিয়েছিল। করোনাতে মাত্র কয়েক লক্ষ লোক মারায় যায়। কলকাতা বিখ্যাত মানুষ আর জি কর স্প্যানিস ফ্লুতে মারা গিয়েছিলেন। বিজ্ঞান চর্চা এবং চিকিৎসা চর্চা পাশাপাশি চলতে শুরু করে দিয়েছে বাংলার নবজাগরণের সময় থেকে। এর জন্য অতি অবশ্য শিল্প বিপ্লবের প্রভাবকে স্বীকার করে নিতে হবে। বিলাতে শিল্প বিপ্লব না হলে ইংরেজরা ভারতে এসে উপস্থিত হতো না। তারা ভারত থেকে কাচামাল সংগ্রহ করে বিলাতে সরবরাহ করার ব্যাপারে উৎসাহী ছিল। কারণ শিল্পগুলিকে চালাতে গেলে কাচা মালের প্রয়োজন। ভারত থেকে সেই কাচা মাল বিলাতে গিয়ে উপস্থিত হতো জাহাজে করে। ইংরেজা দেখতে পেল যে ভারত থেকে কাচা মাল নিয়ে বিসাতে গেলে বহু সময় লেগে যাচ্ছে। তার ওপরে জাহাজের ওপরে ভরসা করা যায় না। বহু জাহাজ সমুদ্র পথে ভারতীয় পণ্য নিয়ে ডুবে গিয়েছে। তার ফলে সময় মতো কাচা মাল বিলাতে গিয়ে উপস্থিত হতে পারছে না। উৎপাদন ব্যাহত হতে শুরু করেছে। সেই কারণে কলকাতার আশপাশে বিশেষ করে হুগলি, হাওড়া এবং ২৪ পরগনাকে শিল্প গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করলো ইংরেজ সরকার। তারা এখানে শিল্প কলকারখানা তৈরি করে একেবারে তৈরি পণ্য নিয়ে ইউরোপের বাজারে গিয়ে উপস্থিত হতে থাকে। তার ফলে বিলাতে আয় বৃদ্ধি হয়। পাশাপাশি ভারতের বিজ্ঞান চর্চা প্রসারিত হতে থাকে। ভারতীয়রা বিজ্ঞান চর্চায় অংশ গ্রহণ করার সুযোগ লাভ করে। শুধু বিজ্ঞান চর্চা নয়, পাশাপাশি চিকিৎসা চর্চা বৃদ্ধি লাভ করে। যেসব সাহেবরা কলকাতায় এসে উপস্থিত হতো তাদের এবং বংলার লোকেদের চিকিৎসা করার রাস্তাকে তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ থেকে কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠা লাভ করলো। লর্ড ইউলিয়াম বেন্টিঙ্ক (১৭৭৪-১৮৩৯) ১৮৩৫ সালে ২৮ জানুয়ারি তারিখে ৩৫ দফা নিয়মকানুন তৈরি করলেন। ১৮৩৬ সালে ১০ জানুয়ারি কলকাতায় মেডিকেল কলেজ প্রতিষ্ঠা লাভ করলো। কলকাতার ছেলে পণ্ডিত মধুসূদন গুপ্ত (১৮০৬-১৮৩৫) মেডিকেল কলেজের শিক্ষক হিসাবে যোগদান করে শবব্যবচ্ছেদ করে ভারতের চিৎিসা বিজ্ঞানে একটি বিরল নজির স্থাপন করলেন।

দ্বারকানাথ ঠাকুরের বেলগাছিয়ার রাজবাড়ি এখন প্রেতপুরী

আদিল আহমেদ

বেলগাছিয়া রাজবাড়ী। উত্তর কলকাতার বেলগাছিয়ায় (মিল্ক কলোনি বা বেলগাছিয়া মেট্রোর কাছে) অবস্থিত 'বেলগাছিয়া রাজবাড়ী' বা 'বেলগাছিয়া ভিলা' (পাইকপাড়া রাজবাড়ি নামেও পরিচিত) একটি ঐতিহাসিক প্রাসাদ। ১৮২৩ সালে প্রিন্স দ্বারকানাথ ঠাকুর এটি কিনে ইউরোপীয় ধাঁচে সাজান। পরবর্তীতে এটি মাইকেল মধুসূদন দত্তের পরিচালনায় বাংলা নাট্যচর্চার অন্যতম কেন্দ্র হয়ে ওঠে। ইতিহাস ও তাৎপর্য এই ঐতিহাসিক বাড়িটি এক সময় ইউরোপীয় এবং ভারতীয় অভিজাতদের আড্ডাস্থল ছিল। প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের পর, ১৮৫৬ সালে কান্দির জমিদার সিংহ পরিবার এটি কিনে নেন। এটি বাংলার প্রথম দিকের অপেশাদার নাট্যমঞ্চ হিসেবেও খ্যাত ছিল, যেখানে 'রত্নাবলী' নাটকটি মঞ্চস্থ হয়েছিল। বর্তমানে এটি সংস্কার করা হয়েছে। ইতিহাসপ্রেমীদের ও কলকাতাবাসীদের কাছে এর আকর্ষণ অটুট।

যদিও রাজবাড়ীর ভেতরের অংশটি সাধারণের জন্য উন্মুক্ত নয়, বাইরের স্থাপত্য এবং এর সমৃদ্ধ ইতিহাস আজও পর্যটকদের মুগ্ধ করে। প্রাসাদটির মূল ফটক এবং বিশাল থামগুলি এখনও সেই পুরনো দিনের আভিজাত্য মনে করিয়ে দেয়। বেলগাছিয়া রাজবাড়ী নব রূপে সজ্জিত হয়েছে এবং ২০২৩ সালের নভেম্বর মাস থেকে অভিজাত অনুষ্ঠান বাড়িতে পরিণত হয়েছে।। নাম হয়েছে 'বাড়ি কোঠি। সুন্দরী কলকাতার অতি অন্যতম, মর্যাদাসম্পন্ন, অভিজাত এই রাজবাড়ীর আকর্ষণ চিরকালীন হয়ে থাকুক এই কামনা। ভালো থাকুক এই রাজবাড়ী। বেলগাছিয়া রাজবাড়িতে সুখের দিন; এখন তা অতীতের এক নীরব প্রেতাত্মা।

দ্বারকানাথ ১৮২০-এর দশকে পাঁচ লক্ষ টাকায় এই বেলগাছিয়া ভিলাটি কিনেছিলেন, এমন একটি জায়গা হিসেবে যেখানে তিনি কলকাতার ইউরোপীয় ও ভারতীয় উভয় অভিজাত শ্রেণীর উপর আতিথেয়তা বর্ষণ করতে পারবেন। বাড়িটিতে ছিল মার্বেলের মেঝে, চমৎকার সিঁড়ি, রোমান মূর্তি, সুন্দর সব চিত্রকর্ম হলঘরের বাঁদিকে ছিল একটি প্রশস্ত বারান্দা, যা মোঙ্গল তাঁবুর আদলে সাজানো, যার দেওয়ালে ছিল লতাপাতার নকশা আর ফুলের মালা, আর তার মাঝখানে ছিল টকটকে লাল মখমল ও সোনালি কারুকার্য করা একটি সিংহাসন, যার স্তম্ভগুলো ছিল খাঁটি রুপোর তৈরি এবং তাতে সোনার কাজ করা। বাইরে ছিল একটি বিশাল লন, যার পাশ দিয়ে এঁকেবেঁকে বয়ে গেছে একটি ঝর্ণা, আর তার উপর দিয়ে চলে গেছে চারটি সাদামাটা সেতু। দূরে একটি কৃত্রিম হ্রদ থেকে উঠে আসা জীবন-আকারের ভেনাসের মূর্তি। যে বাড়িটি একসময় কলকাতার গণ্যমান্য ব্যক্তিদের আনাগোনায় মুখর ছিল এবং যেখানে লোকসমাগম হতো। জোড়াসাঁকো থেকে বেলগাছিয়ার দিকে গাড়ি চালিয়ে যাওয়ার সময় আমি খেয়াল করলাম, পৈতৃক বাড়ি থেকে এটি মাত্র পাঁচ কিলোমিটার দূরে, যা অসন্তুষ্ট আত্মীয়দের দৃষ্টি থেকে দূরে থাকার জন্য যথেষ্ট। কিন্তু দুঃখের বিষয়, এই চমৎকার রাজবাড়িটির এখন কেবল তার নীরব কাঠামোটিই অবশিষ্ট আছে। যদিও অট্টালিকা এবং তার চত্বরটি জরাজীর্ণ হয়ে পড়ছে, তবুও আমি এর অতীতের জাঁকজমক কল্পনা করতে পারছিলাম। বেলগাছিয়া ভিলাটি বিশাল, এতে প্রায় একশোটি ঘর এবং একটি চমৎকার প্রবেশদ্বার রয়েছে, যার উপরে করিন্থিয়ান-শৈলীর স্তম্ভগুলো মাথার উপর দিয়ে উঠে গেছে। বারান্দাটি এত উঁচু যে একটি হাতিও প্রবেশ করতে পারবে, এবং আমি লক্ষ্য করলাম এর সম্মুখভাগে একটি স্বাগত জানানোর মতো ব্যালকনি রয়েছে, যা কে বেড়াতে এসেছে তা দেখার জন্য বেশ কাজের! এর অতীতের জাঁকজমকের কথা কল্পনা করে; বেলগাছিয়া রাজবাড়ির বারান্দা গুলোকে ধরে রেখেছে জটিল কারুকার্য। ভবনটির পেছনে একটি পুকুর আছে, যার এখনকার নোংরা জলের পাশেই পুরোনো আমলের মার্বেলের বেঞ্চগুলো এখনও দাঁড়িয়ে আছে। এখানেই দ্বারকানাথ তাঁর বড় ও জাঁক জমকপূর্ণ পার্টিগুলোর আয়োজন করতেন, যেখানে শীর্ষ কর্মকর্তা এবং শহরের গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত থাকতেন। স্থানীয়রা এই পুকুরের অপর পারে দাঁড়িয়ে সেই জাঁকজমক উপভোগ করতেন।

আমি গভর্নর-জেনারেল লর্ড অকল্যান্ডের ভাইঝি এমিলি ইডেনের কথা উদ্ধৃত করতে পারি, যার জন্য দ্বারকানাথ ১৮৩৬ সালের এক শীতল নভেম্বর রাতে একটি পার্টির আয়োজন করেছিলেন, তিনশো অতিথির উপস্থিতিতে, যাদের মধ্যে ছিলেন কলকাতার শীর্ষস্থানীয় ইউরোপীয় অভিনেতা, গায়ক ও বাদক, প্রধান বিচারপতি, এক বা দুজন জেনারেল এবং কলকাতার অধিকাংশ সুন্দরী ও ফ্যাশন সচেতন নারী। সন্ধ্যায় আতশবাজি দেখার জন্য মানুষ আসতো।

বাঙালি পণ্ডিত শরৎ চন্দ্র দাসের তিব্বত জয়

অনিকেত নস্কর

সালটা ১৮৮২, মে মাসের এক বিকেলে দুর্গম পথ পেরিয়ে তিব্বতের রাজধানী লাসায় ঘোড়ার পিঠে চেপে পৌঁছাল একটি দল । দলে আছে মালবাহক ও তিব্বতি লামারা, আর আছে লামার পোশাক-পরা লাল পাগড়ি চোখে সানগ্লাস এক ভিনদেশি। ক্লান্তিতে মাঝে মাঝে নুয়ে পড়ছে সে। চিনে পেস্ট্রির দোকানে জমায়েত হওয়া ভিড়টা তাকে দেখে মন্তব্য করল, 'দেখেছ আবার এক বসন্ত রোগী এসে হাজির হয়েছে...।' তারা জানেই না লাল পাগড়ি ভিনদেশির সঙ্গে আছে রিভলভার, কম্পাস, সেটস্কোয়ার ও হরেক কাগজ। তিব্বতি ভাষায় সুদক্ষ মানুষটি বিভিন্ন মঠ থেকে খুঁজে পাওয়া পুঁথি অনুবাদ করে নিয়ে যাবেন তার দেশে...তিব্বতি সংস্কৃতি ও জনজীবনে আগ্রহী এই বাবুটি আরও একটি কাজ করছেন। চলার পথে প্রতিটি পাহাড়, নদীনালা ও ভূপ্রকৃতির বৈশিষ্ট্য কাগজে লিখে নিয়েছেন, লাসায় আসার পথে চুম্বি উপত্যকা, 'ইয়ামদ্রোক সো' হ্রদে ঝটিতি জরিপ করেছেন। টুকে নিয়েছেন কাঞ্চনজঙ্ঘা এলাকার হরেক পাহাড় ও পথের পরিচয়। সেগুলি ভারত সরকারের দফতরে গোপনে বাক্সবন্দি হবে। পরে বৃটিশ সেনাপতি ইয়ংহাজ ব্যান্ড এই তথ্যের ওপর নির্ভর করেই তিব্বত দখলের অভিযানে বেরুবেন। ভিনদেশি ছিলেন এক বঙ্গসন্তান... শরৎচন্দ্র দাস। তাঁর পরিচয় নিয়ে কয়েক বছর পরেও তিব্বতে ঘোর ধোঁয়াশা। যে তিব্বতি লামারা তাঁকে সাহায্য করেছিলেন, সকলকেই পরবর্তী কালে এক ধার থেকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। শরৎচন্দ্র দাস তবে ঠিক কি ছিলেন...... পণ্ডিত? দুর্গম পথের অভিযাত্রী? না কি এক গুপ্তচর? লাসা সফরের তিন বছর পর এই রহস্যময় চরিত্রটিকে দেখা গেল চিনের রাজধানী পিকিং শহরে। সেখানে বাণিজ্যের খোঁজে আসা তিব্বতিরা তাঁকে 'কা চে লামা' বা কাশ্মীরের লামা বলে ডাকেন। শরৎচন্দ্র দাসের সঙ্গে অবশ্য কাশ্মীরের কোনও সম্পর্ক নেই, তিনি এসেছেন কোলম্যান মেকলে

নামে এক ব্রিটিশ কূটনীতিককে সাহায্য করতে। কোলম্যান লাসা শহরে ব্রিটিশ দূতাবাস খুলতে যাবেন, পিকিং শহরে তাই ঘাঁটি গেড়ে বসে আছেন। চিনের রাজধানীতে বাঙালি শরৎচন্দ্র দাস এ বিষয়ে তাঁর প্রধান সাহায্যকারী। দূতাবাস খোলা আর হয়নি। কিন্তু শরৎচন্দ্র দাসের পরিশ্রমী তথ্য থেকে ব্রিটিশরা এ ভাবেই নানা সাহায্য পেয়েছে। ব্রিটিশ সরকার তাঁকে 'রায়বাহাদুর' ও 'অর্ডার অব ইন্ডিয়ান এম্পায়ার'-এ ভূষিত করেছে। হিমালয়ের খুঁটিনাটি অজানা ভৌগোলিক তথ্য আবিষ্কারের জন্য সম্মানিত করেছে লন্ডনের রয়্যাল জিয়োগ্রাফিক সোসাইটি। আবার, কলকাতায় এশিয়াটিক সোসাইটির পত্রিকায় এই গুপ্তচরের লেখালিখি খুলে দিয়েছে তিব্বত ও বৌদ্ধ সংস্কৃতি চর্চার নতুন দিগন্ত। নিজেই তৈরি করেছেন তিব্বতি-ইংরেজি ভাষার অভিধান। থাইল্যান্ডে গিয়েছেন, বৌদ্ধ শাস্ত্রচর্চার জন্য খেতাব দিয়েছেন সেখানকার রাজা। মৃত্যুর দু'বছর আগেও বৌদ্ধ শাস্ত্র ও সংস্কৃতি ঘাঁটতে কয়েক মাসের জন্য পাড়ি দিয়েছেন জাপান। উনিশ শতকেই তিব্বত চর্চার জন্য সারা পৃথিবীর কুর্নিশ আদায় করে নিয়েছেন এই বাঙালি। এই পণ্ডিত গুপ্তচর আদতে চট্টগ্রামের আলমপুর গ্রামের লোক। ১৮৪৯ সালে তাঁর জন্ম। ছাত্র হিসাবে মেধাবী, উদ্ভিদবিজ্ঞান থেকে জ্যোতির্বিদ্যা, হরেক বিষয়েই তাঁর আগ্রহ। স্কুল শেষে সিভিল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনার জন্য ভর্তি হয়েছেন প্রেসিডেন্সি কলেজে। সেখানে তখন ইঞ্জিনিয়ারিং পড়ানো হত। বাদ সাধল ম্যালেরিয়া। ১৮৭৪ সালে ফাইনাল পরীক্ষার সময় অসুস্থ হলেন শরৎচন্দ্র, সারাক্ষণই ঠকঠকে কাঁপুনি দিয়ে জ্বর। বাঁচিয়ে দিলেন উদ্ভিদবিজ্ঞানের অধ্যাপক সি বি ক্লার্ক। দার্জিলিঙের ডেপুটি কমিশনার স্যর জন এডগার তত দিনে সেখানকার শিশুদের লেখাপড়ার জন্য ভুটিয়া বোর্ডিং স্কুল তৈরি করেছেন। ক্লার্ক সেখানকার প্রধান শিক্ষক হওয়ার প্রস্তাব দিলেন ছাত্রকে। শরৎচন্দ্র প্রথমে দোনোমোনো করছিলেন। তারপর ভেবেচিন্তে, পাহাড়ি জলহাওয়ায় স্বাস্থ্য উদ্ধার হবে ভেবে সায় দিলেন। স্কুলের ছাত্ররা না বোঝে বাংলা না ইংরেজি। এদিকে হেডমাস্টারমশাইও তাদের ভাষা বোঝেন না। কিন্তু আগ্রহী মানুষটি আস্তে আস্তে রপ্ত করে ফেললেন তাদের ভাষা। সিকিমের তৎকালীন রাজা, মন্ত্রী, অমাত্যরাও ইংরেজি শেখাতে তাঁদের ছেলেদের পাঠাচ্ছেন ভুটিয়া বোর্ডিং স্কুলে।

দু'বছর পরে হেডমাস্টারমশাই ছুটিতে ছাত্রদের এক্সকারশনে নিয়ে গেলেন পাশের দেশ সিকিমে, পেমিয়াংচি মঠে । '১৮৭৯ সালে এই পেমিয়াংচি মঠের লামা **(ক্রমশ)**

জোংরি। সেখান থেকে চাং থাং গিরিপথ। বরফে পা ডুবে যাচ্ছে, এক এক জায়গায় উগ্যেন কোমরের কুকরি দিয়ে বরফ কেটে তৈরি করছেন পায়ে চলার ধাপ। গাছের শাখাপ্রশাখা কেটে তৈরি করছেন রাস্তা। ঝুরো পাথর নেমে আসছে, ১৯০০০ ফুট উচ্চতায় দুজনেরই নিশ্বাস পড়ছে ঘন ঘন। রাতে থাকার জায়গা বলতে পাহাড়ি গুহা। চাং থাং পেরিয়ে এ ভাবেই ওঁরা ঢুকে এসেছেন তিব্বতি সীমানার মধ্যে। তিব্বতি সংস্কৃতিতে আগ্রহী শরৎচন্দ্র সে যাত্রায় প্রায় ছয় মাস ছিলেন পাঞ্চেন লামার তাশি লুনপো মঠে। নিয়ে এসেছেন ভারতে হারিয়ে-যাওয়া নানা বৌদ্ধ গ্রন্থের অনুলিপি। তারই মধ্যে ব্রিটিশ সরকারকে জানাচ্ছেন দেশটা নিয়ে হরেক তথ্য। ভারতের তৎকালীন সার্ভেয়ার জেনারেল, বাবু শরৎচন্দ্র দাসের পাঠানো রিপোর্ট সম্বন্ধে লিখছেন, 'ওঁর পাঠানো প্রতিটি তথ্য মূল্যবান, মানচিত্র তৈরিতে কাজে দেবে।' অচেনা দেশকে জানতে গেলে দখল করতে গেলে প্রথমেই দরকার তার মানচিত্র। বৃটিশ সরকার শরৎচন্দ্রকে তাদের মতো ব্যবহার করছে। আবার শরৎচন্দ্র গুপ্তচর বৃত্তির ফাঁকে জেনে নিচ্ছেন বৌদ্ধ ধর্মের হরেক তথ্য, নিয়ে আসছেন তিব্বতি ভাষায় লেখা বিভিন্ন সংস্কৃত পুঁথি। এই সব পুঁথিপত্র সংগ্রহ তাঁর ব্যক্তিগত উদ্যোগের ফল, সরকারের এ বিষয়ে কোনও মাথাব্যথা ছিল না। বাঙালি পণ্ডিত তিব্বত জয়।

হাওড়ার শাঁকরাইলে 'আমূল ডাইরি'র ভিত্তিপ্রস্তর স্থাপন

রবীন্দ্রকুমার শীল

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আমুলের একটি মেগা ডেইরি প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন যেখানে বিশ্বের বৃহত্তম দই তৈরির সুবিধাও থাকবে। হাওড়ার শাঁকরাইল ফুড পার্কের এই ডেইরি প্ল্যান্টটির দৈনিক ১৫ লক্ষ লিটার দুধ প্রক্রিয়াজাত করার ক্ষমতা থাকছে, অন্যদিকে দই তৈরির ইউনিটটি দৈনিক ১০ লক্ষ কেজি দই উৎপাদন করতে সক্ষম হবে। এই প্রকল্পে মোট বিনিয়োগের পরিমাণ ধরা হয়েছে ৬৫০ কোটি টাকা। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং রাজ্যের বাণিজ্য ও শিল্পমন্ত্রী তাপস রায়ের উপস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। আমুল ব্র্যান্ডের অধীনে গুজরাট কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন (GCMMF) দ্বারা নির্মিতব্য এই দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্রটির লক্ষ্য হল পূর্ব ভারতে সমবায়টির উপস্থিতি আরও শক্তিশালী করা। কর্মকর্তারা জানিয়েছেন, জাতীয় মহাসড়ক ১৬ এবং ১৯-এর সংযোগস্থলে এর কৌশলগত অবস্থান, সেইসাথে কলকাতা বন্দর এবং রেল নেটওয়ার্কের নৈকট্যের কারণে শাঁকরাইলকে নির্বাচন করা হয়েছে, যা ওড়িশা, ঝাড়খণ্ড, বিহার এবং উত্তর-পূর্বের রাজ্যগুলিতে কাঁচা দুধ দক্ষতার সাথে সংগ্রহ এবং দুগ্ধজাত পণ্য বিতরণে সহায়তা করবে। দুধ ও দই ছাড়াও এই ইউনিটটি মিষ্টি দই, লস্যি, পনির, মাখন, ঘি এবং আইসক্রিম উৎপাদন করবে। প্রকল্পটি দুধ উৎপাদনকারীদের একটি স্থিতিশীল বাজার এবং লাভজনক মূল্য প্রদানের মাধ্যমে রাজ্যের দুগ্ধ খাতকে একটি বড় ধরনের গতি দেবে বলে আশা করা হচ্ছে। এছাড়াও, এটি প্ল্যান্টে শত শত

প্রত্যক্ষ কর্মসংস্থান এবং দুধ সংগ্রহ, পরিবহন, কোল্ড-চেইন লজিস্টিকস ও সংশ্লিষ্ট পরিষেবাগুলিতে পরোক্ষ কর্ম সংস্থানের সুযোগ তৈরি করবে বলে অনুমান করা হচ্ছে। বর্তমানে, শুধুমাত্র কলকাতাতেই আমুলের দুধ বিক্রির পরিমাণ দৈনিক প্রায় ৮ লক্ষ লিটার। বঙ্গের দুগ্ধজাত খাদ্যের অভাব মিটবে। **ছবি ঃ বুদ্ধদেব মিশ্র।**

তারাপীঠ হোটেল মালিকদের একাধিক নির্দেশ, না মানলেই বড় পদক্ষেপের হুঁশিয়ারি

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ১৮ আগস্ট ঃ বীরভূম জেলার মধ্যে

অবস্থিত অন্যতম তীর্থভূমি তারাপীঠ মন্দির সংলগ্ন একটি বেসরকারি হোটেলে সোমবার ভোররাতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় শোকপ্রকাশ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তারাপীঠের হোটেলে অগ্নিকাণ্ডের পর গাফিলতির অভিযোগে হোটেল মালিক এবং তার ছেলেকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনার পরই নিরাপত্তা নিয়ে বড় পদক্ষেপের ঘোষণা প্রশাসনের। তারাপীঠ থানা থেকে মাত্র ঢিলছোঁড়া দূরত্বে পুকুরের ধারে অবস্থিত বেসরকারি হোটেল 'বিদেশিনী' পাঁচতলা ওই ভবনের নীচে সোমবার ভোরের দিকে আগুন লাগে। প্রাথমিক ভাবে অনুমান, শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে। দ্রুত তা বিভিন্ন ঘরে ছড়িয়ে পড়ে। হোটেলের আবাসিকেরা অধিকাংশই সেই সময় ঘুমোচ্ছিলেন। শিশুরাও ছিল। ধোঁয়ায় ছেয়ে যায় চারদিক। ভাল করে কিছু বুঝে ওঠার আগেই আগুন অনেকটা ছড়িয়ে পড়েছিল। এরপরে মঙ্গলবার তারাপীঠ হোটেল অ্যাসোসিয়েশন ও লজ মালিকদের সঙ্গে বৈঠক করে বর্তমান রাজ্য সরকার। রামপুরহাট এর রক্তকরবি মঞ্চে তারাপীঠের প্রায় সমস্ত হোটেল ও লজ মালিকদের একত্রিত করে বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করেন। প্রত্যেক হোটেল মালিকদের বিশেষ নির্দেশ দেওয়া হয়। কারণ আর কিছুদিন পরেই তারাপীঠের ঐতিহ্যবাহী কৌশিকী অমাবস্যা, যেখানে প্রত্যেক বছর লক্ষ লক্ষ পর্যটকদের সমাগম ঘটে। সেই সমস্ত পর্যটকদের কথা চিন্তা করে বৈঠকে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। এই বিষয়ে তারাপীঠের এক হোটেল মালিক জয়ন্ত কুমার রায় জানান বৈঠকে সিদ্ধান্ত হয়েছে প্রত্যেকের হোটেলে ফায়ার NOC রাখতে হবে, এর সঙ্গে হোটেলের প্রত্যেকটি ফ্লোরে থানা, অ্যাম্বুলেন্স এবং ফায়ার সার্ভিসের বা দমকল বাহিনীর নম্বর টাঙিয়ে রাখতে হবে। সব থেকে গুরুত্বপূর্ণ যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটি হচ্ছে হোটেলে একজন এমন কর্মচারী রাখতে হবে যে প্রশিক্ষণ প্রাপ্ত, এবং সে যেন অগ্নিকাণ্ডের সময় কেমন ভাবে আগুন নিয়ন্ত্রণে আনতে হয় বা ফায়ার সার্ভিস দিতে হয় সেই সম্বন্ধে সমস্ত বিষয় জানেন। এর পাশাপাশি প্রত্যেক হোটেলের কর্মচারীর সঠিক পরিচয় পত্র হোটেলের কাছে রাখতে হবে। আর প্রশাসনের এই সিদ্ধান্তকে কার্যত খুশি তারাপীঠে আগত পর্যটকরা। তারাপীঠে হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণহানির পরেই কা। পদক্ষেপ করল প্রশাসন। ফায়ার লাইসেন্স এবং খাদ্য ও নিরাপত্তা সংক্রান্ত বৈধ অনুমতি না থাকায় তারাপীঠ এলাকার ১৫টি হোটেল বন্ধ করে দেওয়ার নির্দেশ জারি করা হয়েছে। মঙ্গলবার এই সিদ্ধান্তের কথা জানান রামপুরহাটের মহকুমাশাসক অশ্বিনী কুমার সিং রাঠোর। সোমবার তারাপীঠের একটি বেসরকারি হোটেলে হঠাৎই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই অগ্নিকাণ্ডে মোট ৯ জনের মৃত্যু হয়। মর্মান্তিক এই ঘটনার পরপরই নড়েচড়ে বসে জেলা প্রশাসন। দুর্ঘটনার কারণ নির্ধারণ এবং তারাপীঠ এলাকার অন্যান্য হোটেল ও লজগুলির নিরাপত্তা যাচাই করতে পুলিশ, স্থানীয় প্রশাসন, বিদ্যুৎ দফতর এবং লজ মালিকদের নিয়ে একটি বিশেষ অডিট কমিটি গঠন করা হয়। মঙ্গলবার সকালে এসডিও অফিসে এই অডিট কমিটির গুরুত্বপূর্ণ বৈঠক হয়। বৈঠকে এলাকার হোটেলগুলির সুরক্ষাবিধি ও প্রয়োজনীয় লাইসেন্স রয়েছে কি না, তা নিয়ে বিশদ পর্যালোচনা করা হয়। বৈঠক শেষে মহকুমাশাসক অশ্বিনী কুমার সিং রাঠোর জানান, অডিটের প্রাথমিক তথ্যের ভিত্তিতে ১৫টি হোটেল চিহ্নিত করা হয়েছে। এগুলির কয়েকটির ক্ষেত্রে অগ্নিনির্বাপক লাইসেন্স নেই, আবার কয়েকটির ক্ষেত্রে রান্নাবান্নার জন্য প্রয়োজনীয় লাইসেন্স নেই। প্রশাসনের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, পর্যটকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে নজরদারি আগামী দিনেও জারি থাকবে। লাইসেন্সহীন ও সুরক্ষাবিহীন কোনও হোটেলকেই ব্যবসা চালানোর অনুমতি দেওয়া হবে না।

মুর্শিদাবাদে আবার রাজনৈতিক হিংসা, বোমার আঘাতে গুরুতর আহত বিজেপি নেতা

মিঠুন হালদার, মুর্শিদাবাদ, ১৮ আগস্ট ঃ রাজ্যে পালাবদলের পরেও রাজনৈতিক হিংসা অব্যাহত। এবার মুর্শিদাবাদের সাগরদিঘিতে বোমা হামলার শিকার হলেন বিজেপির যুব মোর্চার জেলা নেতা। ঘটনায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে সরাসরি অভিযোগের আঙুল তুলেছে বিজেপি। ঘটনাটি ঘটেছে সাগরদিঘি থানার অন্তর্গত ১২১ নম্বর বুথের মনিগ্রাম এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে, আক্রান্তের নাম রাকেশ প্রামানিক। তিনি জঙ্গিপুর সাংগঠনিক জেলা বিজেপির ওবিসি মোর্চার সাধারণ সম্পাদক। বিজেপি নেতা জয়ন্ত মণ্ডল বলেন, গত দু'দিন বাড়িতে ছিলেন না রাকেশবাবু। তারপর রাতে বাড়ি ফেরার সময় পাঁচজন দুষ্কৃতী অতর্কিতে তাঁকে লক্ষ্য করে বোমা ছোঁড়ে। লক্ষ্যভ্রষ্ট হওয়ায় প্রাণে বেঁচে যান তিনি, তবে বোমার স্প্লিন্টারের আঘাতে গুরুতরভাবে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন। স্থানীয়রা তৎক্ষণাত তাঁকে উদ্ধার করে প্রথমে সাগরদিঘি সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। সেখানেই তিনি চিকিৎসাধীন এবং চিকিৎসকরা জানিয়েছেন তিনি মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। এই ঘটনার পরেই সরব হয়েছে বিজেপি নেতৃত্ব। জয়ন্ত মণ্ডল অভিযোগ করেন, সাগরদিঘির ১২১ নম্বর বুথে মনিগ্রাম এলাকায় তৃণমূলের হার্মাদ বাহিনী এই জঘন্যতম কাজ করেছে। ২০২৩ সালের পঞ্চায়েত ভোটের সময়েও এরা একইভাবে অত্যাচার করে বুথ দখল করেছিল। এবার প্রতিহিংসাপরায়ণ হয়ে আমাদের ওবিসি মোর্চার সাধারণ সম্পাদকের উপর প্রাণঘাতী হামলা চালাল। আমরা আইনি পথে লড়াই করে দোষীদের কঠোর শাস্তির দাবি জানাচ্ছি। ঘটনার পরেই রাকেশ প্রামানিকের পরিবারের পক্ষ থেকে সাগরদিঘি থানায় পাঁচজন তৃণমূল কর্মীর নামে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে ইতিমধ্যেই একজন অভিযুক্ত তৃণমূল কর্মীকে গ্রেপ্তার করেছে। বাকি চারজন এখনও পলাতক বলে পুলিশ সূত্রের খবর। সাগরদিঘি থানার পুলিশ জানিয়েছে, ঠিক কী কারণে রাকেশ প্রামানিককে লক্ষ্য করে এই হামলা এবং এর পিছনে আর কারা জড়িত তা খতিয়ে দেখতে পূর্ণাঙ্গ তদন্ত শুরু হয়েছে।

লোককথা, পুরাণ আর সবুজের বার্তা

জাহাননগরের ব্রহ্মাণী তলায় শ্রাবণ সংক্রান্তির পুজো ও গাছ পুজোর মেলায় উপচে পড়া ভিড়

প্রসেনজিত দেবনাথ, পূর্বস্থলী, ১৮ আগস্ট ঃ পূর্ব বর্ধমান জেলার পূর্বস্থলী-২ ব্লকের জাহাননগরের ব্রহ্মাণী তলায় শ্রাবণ সংক্রান্তি উপলক্ষ্যে ধুমধাম ও ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হল ব্রহ্মাণী মাতার পুজো। লোককথা ও পুরাণের নানা কাহিনিতে সমৃদ্ধ এই পুজোকে কেন্দ্র করে এদিন ভোর থেকেই ভক্তদের ঢল নামে মন্দির প্রাঙ্গণে। জেলার বিভিন্ন প্রান্তের পাশাপাশি পার্শ্ববর্তী এলাকা থেকেও বহু মানুষ পুজো দিতে এবং মেলায় অংশ নিতে জাহাননগরে হাজির হন। স্থানীয়দের বিশ্বাস, দেবী মনসার অভিশাপ থেকে মুক্তি পেতে চাঁদ সওদাগর এই স্থানেই ঘট প্রতিষ্ঠা করে ব্রহ্মাণী মায়ের আরাধনা করেছিলেন। সেই থেকেই এই পুজোর সূচনা। শুধু তাই নয়, ব্রহ্মাণী তলার কাছেই অবস্থিত চাঁদের বিলকে ঘিরেও রয়েছে একাধিক লোককথা। জনশ্রুতি অনুযায়ী, চাঁদ সওদাগরের বাণিজ্য তরী এই বিলেই ডুবে গিয়েছিল। সেই ঐতিহাসিক ও পৌরাণিক স্মৃতিকে আজও বুকে ধারণ করে রয়েছে জাহাননগরের ব্রহ্মাণী তলা। প্রতিবছরের মতো এবারও পুজোকে কেন্দ্র করে কয়েক হাজার মানুষের সমাগম হয়। পুজোর পাশাপাশি বসেছে ঐতিহ্যবাহী গ্রামীণ মেলা, যা স্থানীয়দের কাছে 'গাছ পুজোর মেলা' নামে পরিচিত। এই মেলার অন্যতম আকর্ষণ বিভিন্ন ধরনের ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা। মেলায় সারি সারি দোকানে নানা

প্রজাতির গাছের চারা নিয়ে বসেছেন ব্যবসায়ীরা। গাছপ্রেমীদের ভিড়ও ছিল চোখে পড়ার মতো। শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, পরিবেশ সচেতনতার বার্তাও তুলে ধরে এই মেলা। প্রতি বছর বহু মানুষ এখান থেকে গাছের চারা কিনে বাড়িতে নিয়ে যান। ফলে একদিকে যেমন ধর্মীয় ঐতিহ্য বজায় থাকে, অন্যদিকে পরিবেশ রক্ষার বার্তাও মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে। এদিন ব্রহ্মাণী মাতার পুজো দিতে হাজির হন পূর্বস্থলী উত্তর বিধানসভার বিধায়ক গোপাল চট্টোপাধ্যায়। তিনি মেলা প্রাঙ্গণ ঘুরে দেখেন এবং উপস্থিত মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পাশাপাশি তিনি সকলের উদ্দেশ্যে বেশি করে গাছ লাগানোর আহ্বান জানান। পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, প্রত্যেক মানুষেরই অন্তত একটি করে গাছ লাগানো উচিত। মেলা কমিটির সম্পাদক সুবল রাউত জানান, একদিনের পুজো হলেও মেলা চলবে প্রায় সাতদিন। এই কয়েকদিন ধরে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও নানা আয়োজনের মাধ্যমে উৎসবের আবহ বজায় থাকবে। ভক্তদের ভিড়ে ইতিমধ্যেই জমজমাট হয়ে উঠেছে জাহাননগরের ব্রহ্মাণী তলা। ধর্মীয় বিশ্বাস, লোককথা, ঐতিহ্য এবং পরিবেশ সচেতনতার এক অনন্য মেলবন্ধন আজও এই পুজোকে বিশেষ মর্যাদা দিয়ে আসছে।

বৃষ্টিতে বিপর্যস্ত আসানসোল, চূড়ান্ত দুর্ভোগে শহরবাসী

নিজস্ব প্রতিনিধি, আসানসোল, ১৮ আগস্ট ঃ প্রবল বর্ষণের জেরে দুর্বিষহ অবস্থা পশ্চিম বর্ধমানের আসানসোলে। ইতিমধ্যে ডুবে গিয়েছে বিস্তীর্ণ এলাকা। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে এই আসানসোলেই। রেলপার, দিলদারনগর-সহ একাধিক এলাকায় বাড়িঘরে জল ঢুকে পড়ায় চরম দুর্ভোগে পড়েছেন বাসিন্দারা। অন্যদিকে প্রশাসনের নির্দেশে বিভিন্ন জলমগ্ন এলাকায় মানুষদের উদ্ধারে রাতভর তৎপর ছিল উদ্ধারকারীরা। অবিরাম বৃষ্টির ফলে গারুই ও নুনী নদীর জলস্তর দ্রুত বেড়ে যাওয়ায় শহরের একাধিক গুরুত্বপূর্ণ যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়েছে। আসানসোল- দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে সতর্কবার্তা দেওয়া হয়েছে। কল্যাণপুর হাউজিং কালভার্ট ও ব্রিজের উপর দিয়ে নদীর জল প্রবাহিত হওয়ায় সেখানে যান চলাচল সম্পূর্ণ বন্ধ রাখা হয়েছে। এই পরিস্থিতিতে চূড়ান্ত দুর্ভোগে শহরবাসী।

বড়ঞা পঞ্চায়েত সমিতির দখল পেল কংগ্রেস, অধীর চাইলেন রাজ্যের সহযোগিতা

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৮ আগস্ট ঃ রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর দীর্ঘদিন বাদে মুর্শিদাবাদ জেলার কোনও পঞ্চায়েত সমিতিতে ক্ষমতায় ফিরলো কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের সহযোগিতা নিয়ে বড়ঞা পঞ্চায়েত সমিতিতে মঙ্গলবার ক্ষমতায় ফিরল কংগ্রেস। ৩৮ আসন বিশিষ্ট বড়ঞা পঞ্চায়েত সমিতিতে মঙ্গলবার অনাস্থা ভোটাভুটিতে নতুন সভাপতি নির্বাচিত হলেন নাজমা খাতুন। পঞ্চায়েত সমিতিতে পালাবদলের পর বড়ঞা পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সভাপতি সহ সমস্ত 'বিক্ষুব্ধ' তৃণমূল সদস্যরা সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা কংগ্রেসে যোগদান করবেন। আজকের ভোটাভুটিতে তৃণমূল কংগ্রেসের ১৮ জন এবং কংগ্রেসের ৭ জন নাজমা খাতুনের পক্ষে ভোট দেন। পঞ্চায়েত সমিতির বাকি সদস্যরা ভোটাভুটিতে অনুপস্থিত ছিলেন। রাজ্যে সরকার বদল হওয়ার পর গত ১৫ জুলাই বড়ঞা পঞ্চায়েত সমিতির সদস্যরা প্রাক্তন সভাপতি সুলতানা খাতুনের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতির অভিযোগে অনাস্থা প্রস্তাব জমা করেছিলেন। যদিও কলকাতা হাইকোর্টের নির্দেশ পাওয়ার আগে পর্যন্ত বড়ঞা পঞ্চায়েত সমিতিতে অনাস্থা নিয়ে ভোটাভুটি করা যায়নি। বড়ঞা পঞ্চায়েত সমিতিতে অনাস্থা ভোটের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা এবং সেখানে ভোট করানোর দাবি নিয়ে পঞ্চায়েত সমিতির সিংহভাগ কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস সদস্য সম্মিলিতভাবে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। হাইকোর্টের নির্দেশের পর মঙ্গলবার বড়ঞা পঞ্চায়েত সমিতিতে অনাস্থা ভোট হয়। বড়ঞা পঞ্চায়েত সমিতির তৃণমূল সদস্য তন্ময় কুমার ঘোষ বলেন, আগেও কংগ্রেসের সহযোগিতা নিয়ে বড়ঞা পঞ্চায়েত সমিতিতে বোর্ড চালাচ্ছিল তৃণমূল কংগ্রেস। তবে সুলতানা খাতুনের আমলে দীর্ঘদিন ধরে বড়ঞা ব্লকে সাধারণ মানুষ পরিষেবা পায়নি এবং উন্নয়ন হয়নি। পঞ্চায়েত সমিতির ২৪ জন সদস্যের এলাকায় কোনও কাজ করেননি আগের বোর্ড, উন্নয়ন থমকে ছিল। তিনি বলেন, তৃণমূল এবং কংগ্রেসের পঞ্চায়েত সমিতির সদস্যরা এই অবস্থা থেকে বেরিয়ে আসতে চাইছিলেন। আমাদের এই লড়াইতে অধীর চৌধুরী নেতৃত্ব দিয়েছিলেন। তাঁর প্রচেষ্টায় হাইকোর্ট থেকে আমরা অনাস্থা প্রস্তাবের পক্ষে ভোটাভুটির জন্য দিন পাই এবং আজকের ভোটাভুটিতে আমরা সুলতানা খাতুনকে অনাস্থা ভোটে পরাজিত করেছি এবং নাজমা খাতুন নতুন সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন। তিনি আরও বলেন, পঞ্চায়েত সমিতিতে আজ তৃণমূলের প্রতীকে নির্বাচিত সদস্য নাজমা খাতুন সভাপতি হিসেবে মনোনীত হলেও খুব শীঘ্রই আমরা সকলে কংগ্রেস দলে যোগ দিতে চলেছি। কোনও একটি রাজনৈতিক দলের পতাকা ছাড়া চলা যাবে না। তাই বলাই যায় এই বোর্ড কংগ্রেস দখল করল। পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সভাপতি নাজমা খাতুন বলেন, আজ কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস যৌথভাবে এই বোর্ড দখল করলেও আগামী দিন আমরা কোন পথে চলবো তা সমস্ত পঞ্চায়েত সমিতির সদস্য মিলেই ঠিক করা হবে। সকলে দাবি রেখেছেন কংগ্রেসে যোগ দেওয়ার। অন্যদিকে দীর্ঘদিন পর মুর্শিদাবাদ জেলায় কোনও পঞ্চায়েত সমিতির দখল পাওয়ার পর দৃশ্যতই উচ্ছাসিত অধীর চৌধুরী বলেন, অনেক প্রতিকূলতার মোকাবিলা করার পর এবং বারবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়ে প্রশাসনিক বিভিন্ন বাধা বিপত্তি টপকে অবশেষে আইনগতভাবে আজ কংগ্রেস বড়ঞা পঞ্চায়েত সমিতি দখল পেয়েছে। তিনি বলেন, রাজ্য সরকারের সঙ্গে সহযোগিতা করেই বড়ঞা পঞ্চায়েত সমিতি পরিচালিত হবে। আমরা শুধু উন্নয়নের জন্য রাজ্যের সহযোগিতা চাই। আমি অনুরোধ

করবো বড়ঞা পঞ্চায়েত সমিতির বিরুদ্ধে প্রশাসন যেন কোনও বৈষম্য না করে।

গোঘাটে তিনটি গরু সহ ভুটভুটি আটক

নিজস্ব প্রতিনিধি, আরামবাগ, ১৮ আগস্ট ঃ প্রকাশ্য দিবালোকে ভুটভুটিতে করে তিনটি গরুকে অন্যত্র নিয়ে যাওয়া হচ্ছিল বলে অভিযোগ। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়ায় গোঘাট এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার একটি ভুটভুটিতে করে তিনটি গরুকে নিয়ে যাওয়া হচ্ছিল। বিষয়টি নজরে আসার পর স্থানীয়দের তরফে গোঘাট থানায় খবর দেওয়া হয়। খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছায় গোঘাট থানার পুলিশ। পুলিশ ঘটনাস্থল থেকেই ভুটভুটিটিকে আটক করে এবং তার সঙ্গে থাকা তিনটি গরুকেও উদ্ধার করে গোঘাট থানায় নিয়ে যায়। বর্তমানে ভুটভুটি এবং গরু তিনটি গোঘাট থানাতেই রয়েছে। গরুগুলিকে কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল এবং কী উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। যদিও এই ঘটনার বিষয়ে এখনও পর্যন্ত গরুগুলির মালিকের কোনও বক্তব্য পাওয়া যায়নি। পুলিশের তদন্তের পরেই গোটা ঘটনার প্রকৃত কারণ স্পষ্ট হবে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR

An e-Tender for "Operation and maintenance of Street Light, High Mast Lights including replacement of faulty luminaries & spares, Ward office and different Borough offices, Community centres, Compactor stations and other utility services installed under BMC for the period of one calender year or 365 days at Ward - 1 to 27. Under Bidhannagar Municipal Corporation" is being invited by EE,(E&M) Department. BMC vide NIT No. 07/PHE(E&M)/BMC Dated: 17-08-2026 Tender ID: 2026_MAD_1038490_1 to 27 details are available with office of EE/PHE(E&M) BMC. Corrigendum, if any will be published in office website & Notice Board only. Please visit: https://wbtenders.gov.in
Last date of Bid submission (online): 07-09-2026 up to 15:00 Hrs.

Sd/-
EE,(E&M)
Bidhannagar Municipal Corporation

ক্রিপ্টন ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN: L25199WB1990PLC048791
নিবন্ধিত কার্যালয় - বঙ্গনগর, ডায়মন্ড হারবার রোড, ফলতা, দক্ষিণ ২৪ পরগনা - ৭৪৩ ৫১৩
প্রধান কার্যালয় - ৪১০, বর্ধন বিল্ডিং, ২৫এ ক্যামাক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০১৬
ফোন - ০৩৩-২২৮৭১৩৬৬ / ৬৭, ই-মেইল - krypton@kryptongroup.com
ওয়েবসাইটঃ www.kryptongroup.com

৩৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি
এবং ই-ভোটিং সংক্রান্ত তথ্য

এতদ্বারা জানানো যাচ্ছে যে, 'কোম্পানিজ অ্যাক্ট ২০১৩' (আইন) এবং এর অধীনে প্রণীত বিধিমালা, 'সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫' (লিস্টিং রেগুলেশন) এবং 'মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স' ('এমসিএ') ও 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া' (সেবি) কর্তৃক জারি করা বিভিন্ন সার্কুলার (যার মধ্যে সর্বশেষগুলি হলো যথাক্রমে ১৯ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের সার্কুলার নং ০৯ /২০২৪ এবং ৩ অক্টোবর, ২০২৪ তারিখের SEBI/HO/CFD/ CFD-POD-2/P/CIR/2024/133)-এসবের প্রাসঙ্গিক বিধান মেনে 'ক্রিপ্টন ইন্ডাস্ট্রিজ লিমিটেড' (CIN: L25199WB1990PLC048791)-এর সদস্যদের ৩৬তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আগামী ১১ সেপ্টেম্বর, ২০২৬, শুক্রবার দুপুর ১২.৩০-এ (আইএসটি) ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যমের (ওএভিএম) সাহায্যে অনুষ্ঠিত হবে, যাতে এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত কার্যসূচি বা বিষয়াবলি সম্পন্ন করা হবে।

এমসিএ এবং সেবি -র নির্দেশিকা মেনে, ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য কোম্পানির বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদনের ইলেকট্রনিক কপি সেইসব সদস্যদের কাছে পাঠানো হবে, যাদের ইমেল ঠিকানা কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট -অর্থাৎ 'মহেশ্বরী ডেটামেটিক্স প্রাইভেট লিমিটেড'- এর কাছে নথিভুক্ত রয়েছে। কোম্পানির ৩৬তম বার্ষিক সাধারণ সভায় যোগদানের নির্দেশাবলী এবং সভার সময় 'রিমোট ইলেকট্রনিক ভোটিং' বা 'ই- ভোটিং' ব্যবস্থার মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি উক্ত সভার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। কোম্পানি আইন, ২০১৩-এর ১০৩ ধারা অনুযায়ী সভার কোরাম গণনার ক্ষেত্রে ভিসি / ওএভিএম সুবিধার মাধ্যমে অংশগ্রহণকারী সদস্যদেরও গণ্য করা হবে। ৩৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবছরের বার্ষিক প্রতিবেদন কোম্পানির নিজস্ব ওয়েবসাইট (www.kryptongroup.com), স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং সিডিএসএল -এর ওয়েবসাইট (www.evotingindia.com)-এও পাওয়া যাবে।

যেসব শেয়ারহোল্ডারের ইমেইল ঠিকানা কোম্পানি, আরটিএ বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে নিবন্ধিত নয়, তাদের নিবন্ধিত ঠিকানায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের ওয়েব-লিংক সম্বলিত একটি চিঠি পাঠানো হচ্ছে।

যেসব শেয়ারহোল্ডারের শেয়ার ভৌত আকারে রয়েছে এবং যারা কোম্পানি, কোম্পানির আরটিএ বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট- এর কাছে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তারা নিচের নথিপত্রগুলোর স্ক্যান করা কপি কোম্পানির আরটিএ-র ই-মেইল ঠিকানা mdpldc@yahoo.com অথবা কোম্পানির নিজস্ব ই-মেইল ঠিকানা krypton@kryptongroup.com-এ পাঠানোর মাধ্যমে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করতে পারেন। এর ফলে তারা কোম্পানির ৩৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং / অথবা ই-ভোটিং-সহ ভিসি / ওএভিএম সুবিধার মাধ্যমে ৩৬তম এজিএম-এ অংশগ্রহণের প্রয়োজনীয় তথ্য বা ক্রেডেনশিয়াল সংগ্রহ করতে পারবেন।

ক. আপনার নাম, ফোলিও নম্বর এবং নিবন্ধনের জন্য সম্পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর ও ইমেল ঠিকানা উল্লেখ করে স্বাক্ষরিত একটি অনুরোধপত্র
খ. প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান করা অনুলিপি
গ. কোম্পানির কাছে নিবন্ধিত ঠিকানার সমর্থনে যেকোনো নথির (যেমন-আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ভোটার আইডি, পাসপোর্ট) স্ব-প্রত্যয়িত স্ক্যান করা অনুলিপি।

যেসব সদস্য ডিম্যাটেরিয়ালাইজড বা ইলেকট্রনিক পদ্ধতিতে শেয়ার ধারণ করছেন, তাঁদের সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে তাঁদের ইমেল ঠিকানা হালনাগাদ করার অনুরোধ জানানো হচ্ছে।

ফিজিক্যাল শেয়ার হস্তান্তরের আবেদন পুনরায় জমা দেওয়ার জন্য বিশেষ ব্যবস্থাঃ
সেবি তাদের ২ জুলাই, ২০২৫ তারিখের বিজ্ঞপ্তি নং SEBI/HO/MIRSD/ MIRSD-POD/P/CIR/ 2025/ 97-এর মাধ্যমে একটি বিশেষ ব্যবস্থা চালু করেছে। এই ব্যবস্থাটি ৭ জুলাই, ২০২৫ থেকে ৬ জানুয়ারি, ২০২৬ পর্যন্ত কার্যকর থাকবে এবং এটি শুধুমাত্র সেইসব হস্তান্তর আবেদনের পুনরায় জমা দেওয়ার জন্য প্রযোজ্য, যা ১ এপ্রিল, ২০১৯-এর সময়সীমার আগে জমা দেওয়া হয়েছিল কিন্তু নথিপত্র বা প্রক্রিয়াজনিত ত্রুটি কিংবা অন্য কোনো কারণে প্রত্যাখ্যাত বা ফেরত পাঠানো হয়েছিল অথবা যার ওপর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। যোগ্য শেয়ারহোল্ডাররা কোম্পানির ওয়েবসাইট https:/ / kryptongroup.comforms-এ উপলব্ধ বিজ্ঞপ্তিটি দেখে নিতে পারেন।

ক্রিপ্টন ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর /-
স্থানঃ কলকাতা
তারিখঃ ১৭.০৮.২০২৬
প্রিয়া আগরওয়াল
কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার

বিজ্ঞপ্তি

আমার মক্কেল তাজু বৈদ্য, পিতা দুধকুমার বৈদ্য, সাং + পোষ্ট-নোনাকুন্ডু, থানা ডোমজুড়, হাওড়া ১) নারায়ণ দাস ২) মনজুর লস্কর ইহাদের পক্ষে নিযুক্ত আমমোক্তার-১) অরবিন্দু বৈদ্য, ২) শিবানী বৈদ্য, রঞ্জিত মাঝি উভয় সাং + পোষ্ট-নোনাকুন্ডু, থানা ডোমজুড়, হাওড়া A.D.S.R ১) হাওড়া অফিসে রেজিষ্ট্রিকৃত ৮৩০/২০১১, ২) ডোমজুড় অফিসে রেজিষ্ট্রিকৃত ৪০০৮০৭/১৯, ৩) ৪০০৮০৬/১৯ তিনটি চেন আমমোক্তার নামা দলিল দ্বারা থানা-ডোমজুড়, মৌজা- রাজাপুর, জে.এল নং.-১১,হাল খতিয়ান ১২৯ ও ১৫৮ নং, হাল ২৯৯ নং দাগে ৫৬ শতক সম্পত্তি ADSR DOMJUR অফিসে ৪০৪৯০৭/২৩, ২) ৪০২৩২৭/২৩ নং দুইটি দলিল মূলে ক্রয় করে নাম পত্তনের আবেদন করেন। উক্ত বিষয়ে কারো কোন আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের ১(এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট B.L.&.L.R.O ডোমজুড় অফিসের নিকট আপীল করতে পারেন। অন্যথায় আইনানুগ ব্যবস্থা কার্য্য গ্রহণ হবে।

OFFICE OF THE TENKARAIPUR BALUMATI GRAM PANCHAYAT
NIQ No. 06/TBGP/VB-G-RAM-G/2026-27

NIQ No- 06/TBGP/VB-G-RAM-G/2026-27 are invited through offline by the Prodhan, Tenkaraipur Balumati GP, Tenkaraipur Murshidabad, for supply work under Tenkaraipur Balumati Gram Panchayat **from 18/08/2026 to 25/08/2026.**
